16th AGM

# Annual Report

# 2024-2025













সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড


**SUNDARBAN GAS COMPANY LIMITED**

(A Company of Petrobangla)




**SUNDARBAN GAS COMPANY LIMITED**
(A Company of Petrobangla)

# With the Compliments of
# the Board of Directors
# Sundarban Gas Company Limited




সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

SUNDARBAN GAS COMPANY LIMITED

(A Company of Petrobangla)

# Company Profile

| | | |
|---|---|---|
| Name of The Company | : | Sundarban Gas Company Limited |
| Date of Registration | : | 23 November 2009 |
| Company's Status | : | Public Limited Company |
| Registered Office | : | Khulna |
| Head Office | : | Abir Tower, 218, M. A. Bari Sarak, Sonadanga, Khulna |
| Dhaka Liaison Office | : | Petrocenter (13th Floor), 3, Kawran Bazar C/A, Dhaka-1215 |
| Supervisory Organization | : | Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) |
| Administrative Ministry | : | Ministry of Power, Energy and Mineral Resources |
| Authorized Capital | : | Tk. 300.00 Crore |
| Paid up Capital | : | Tk. 100.00 Crore |
| Total Number of Shares Issued | : | 1.00 Crore |
| Franchise Area | : | Khulna & Barishal Divisions and Part of Dhaka Division (Faridpur, Gopalganj, Madaripur, Shariatpur, Rajbari District) |
| First Annual General Meeting | : | 20 May' 2011 |
| Total Manpower | : | Approved: 522 (Officer: 217, Staff: 305)<br>Present Manpower: 116 (Officer: 101, Regular Staff: 15)<br>Outsourcing Staff: 146, Temporary Staff: 08 |
| Company's Website Address | : | www.sgcl.org.bd |
| Company's E-mail Address | : | sundarbangas@gmail.com |
| Daily Gas Sales (Average) | : | 104.272 MMCFD |
| Total Number of Customer Connection | : | 2,396 |
| Total Volume of Gas Consumed During This Year | : | 1077.715 MMSCM |
| Gas Pipeline Network | : | a. Transmission Pipe Line : 33.842 Km<br>b. Feeder Main & Service (Distribution) Line: 118.371 Km |

# Contents


| | |
|---|---|
| Messages | 04-09 |
| Shareholders | 10-11 |
| Board of Directors | 12-13 |
| Notice of 16th Annual General Meeting | 14 |
| Report of the Board of Directors | |
| Bangla | 15-32 |
| English | 33-50 |
| Auditor's Report | 51-53 |
| Statement of Financial Position | 54 |
| Statement of Profit or Loss and Other Comprehensive Income | 55 |
| Statement of Changes in Equity | 56 |
| Statement of Cash Flows | 57 |
| Notes to the Financial Statments | 58-85 |
| Transaction with related Parties | 86 |
| Schedule of Property, plant and equipments | 87 |
| Schedule of Non-Current Assets Held for Sale | 88 |
| Budget Variance | 89-90 |
| Key Performance Indicator (KPI) | 91 |
| Graphs | 92-96 |
| Pictorial View | 97-100 |



**মুহাম্মদ ফাওজুল কবির খান**
**মাননীয় উপদেষ্টা**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার শুভেচ্ছা ও অভিনন্দন।

জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা টেকসই উন্নয়নের পূর্বশর্ত। সরকার বর্তমান সময়ে জ্বালানি খাতে দক্ষ ব্যবস্থাপনা ও সাশ্রয়ী ব্যবহারকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। এর অংশ হিসেবে গ্যাস বিতরণ কোম্পানিগুলোকে প্রযুক্তিনির্ভর, স্বচ্ছ ও জবাবদিহিমূলক ব্যবস্থাপনায় রূপান্তরিত করা প্রয়োজন। এই লক্ষ্য অর্জনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সরবরাহের দায়িত্বে নিয়োজিত আছে। এ কোম্পানি বর্তমানে ভোলা এবং কুষ্টিয়ায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও গৃহস্থালি খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ এবং তদসংশ্লিষ্ট প্রয়োজনীয় সেবা প্রদান করছে। খুলনাস্থ রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহকল্পে Hot commissioning কার্যক্রম চলমান রয়েছে। ভোলা জেলায় বিদ্যমান বিসিক শিল্পনগরীতে গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ কাজ সম্পন্ন করে ইতোমধ্যে শিল্পে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। খুলনা বিসিকে গ্যাস সরবরাহের লক্ষ্যে জিটিসিএল-এর আড়ংঘাটা সিজিএস অফটেক হতে বিতরণ পাইপলাইন ও ডিআরএস নির্মাণ কাজ সম্পন্ন করে গ্যাস কমিশনিং করা হয়েছে। এছাড়া, ভোলার বোরহানউদ্দিনে নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিমিটেড (এনবিবিএল) কর্তৃক স্থাপিত ২২০ মেঃওঃ সিসিপিপি-তে স্থায়ী আরএমএস নির্মাণপূর্বক উক্ত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। আমি আশা করি, ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগণ নিষ্ঠা, সততা ও নিরলস প্রচেষ্টায় গ্রাহকসেবার মানোন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর ১৬তম বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।

**(মুহাম্মদ ফাওজুল কবির খান)**



**মোহাম্মদ সাইফুল ইসলাম**
**সচিব**
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে কোম্পানির ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। এ প্রতিবেদনের মাধ্যমে কোম্পানির অর্থনৈতিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের একটি সামগ্রিক চিত্র প্রতিফলিত হবে।

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জ্বালানি নিরাপত্তার গুরুত্ব অপরিসীম। দেশীয় খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাস এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মূল্যবান এ গ্যাসের অপচয় রোধ ও সুষ্ঠু বিতরণ ব্যবস্থা নিশ্চিতকল্পে বিতরণ কোম্পানিসমূহকে আধুনিক প্রযুক্তি নির্ভর পদক্ষেপ গ্রহণের জন্য গুরুত্বারোপ করা হয়েছে। এক্ষেত্রে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর উদ্যোগ প্রশংসনীয়। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে গঠিত এ কোম্পানি বর্তমানে ভোলা ও কুষ্টিয়া জেলায় বিভিন্ন শ্রেণির গ্রাহককে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ও সেবা প্রদান করছে।

ভোলা জেলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ভবিষ্যতে চাহিদা ও সরবরাহের ভারসাম্য রক্ষায় গ্যাস উত্তোলন বৃদ্ধি করার জন্য ভোলায় আরো কয়েকটি নতুন কূপ খননের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ভোলা এলাকায় শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদানের মাধ্যমে অচিরেই এ অঞ্চলে শিল্পায়নের এক নতুন দ্বার উন্মোচিত হবে। ভোলায় বিদ্যমান বিসিক শিল্পনগরীতে গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এছাড়া, খুলনা বিসিক শিল্পনগরীতে গ্যাস সরবরাহের লক্ষ্যে ইতোমধ্যে পাইপলাইনে গ্যাস কমিশনিং করা হয়েছে। খুলনাস্থ রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের আরএমএস কমিশনিং ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং উক্ত বিদ্যুৎ কেন্দ্রের Hot commissioning কার্যক্রম চলমান রয়েছে। আমি আশা করি, দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

আমি এসজিসিএল-এর ১৬তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

(মোহাম্মদ সাইফুল ইসলাম)



**মোঃ আমিন উল আহসান**
**চেয়ারম্যান**
পরিচালনা পর্ষদ, এসজিসিএল ও
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

# বাণী

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। আমার বিশ্বাস বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যে কোম্পানির সার্বিক কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে।

দেশের অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন ও দারিদ্র্য বিমোচনে জ্বালানি খাতের ভূমিকা অপরিসীম। দেশের জনসাধারণের উন্নত জীবনমান নিশ্চিত করতে হলে নিরবচ্ছিন্ন জ্বালানির জোগান সর্বাগ্রে প্রয়োজন। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সরবরাহের দায়িত্বে নিয়োজিত এ কোম্পানির সরবরাহকৃত গ্যাসের সিংহভাগ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে যা জাতীয় গ্রিডে যুক্ত হয়ে জ্বালানি চাহিদা নিরসনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সুষ্ঠু ব্যবস্থাপনা, প্রযুক্তিনির্ভর বিতরণ ব্যবস্থার সফল বাস্তবায়নের মাধ্যমে কোম্পানির সূচনালগ্ন থেকে অদ্যাবধি জিরো সিস্টেম লস বজায় রেখে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিগুলোর মধ্যে এসজিসিএল এক অনন্য নজির স্থাপন করেছে।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর আওতাধীন ভোলা জেলায় অবস্থিত বিসিক শিল্প নগরীতে গ্যাস সরবরাহের নিমিত্ত গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ ও কমিশনিং সম্পন্ন করে বিসিকের অভ্যন্তরে একটি শিল্প শ্রেণির গ্রাহককে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়াও ভোলা এলাকায় একটি শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), একটি ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস) শ্রেণিতে ও কুষ্টিয়া এলাকায় একটি শিল্প শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে এ কোম্পানি ভোলা ও কুষ্টিয়া জেলায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ, বাণিজ্যিক ও গৃহস্থালি খাতে নিরাপদ, নিরবচ্ছিন্ন, টেকসই গ্যাস সরবরাহ ও তদসংশ্লিষ্ট সেবা প্রদান করছে। গত ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি ২৫৩.৪৫ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে এবং রাষ্ট্রীয় কোষাগারে সর্বমোট ৫৯.৪০ কোটি টাকা জমা প্রদান করেছে। ভোলার প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে কোম্পানির রাজস্ব আয় বৃদ্ধির প্রয়াসে সকলকে আরও আন্তরিকভাবে সচেষ্ট ভূমিকা পালন করতে হবে।

খুলনা বিসিক শিল্প নগরীতে গ্যাস সরবরাহের লক্ষ্যে জিটিসিএল-এর আড়ংঘাটা সিজিএস অফটেক হতে বিতরণ পাইপলাইন ও ডিআরএস নির্মাণ কাজ সম্পন্ন করে গত ২০/০৮/২০২৫ তারিখে গ্যাস কমিশনিং করা হয়েছে। খুলনাস্থ রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি-এর পাইপলাইন ও আরএমএস কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। গ্যাস সরবরাহের নিমিত্ত বর্তমানে ৮০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের Hot Commissioning এর কাজ চলমান। যশোর ইপিজেড-এ গ্যাস সরবরাহের লক্ষ্যে কোম্পানি পর্যায়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হলে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ করে ভবিষ্যতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্পায়নের অবারিত দ্বার উন্মোচনে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

এসজিসিএল-এর কর্মকান্ড সুচারুভাবে পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রদান এবং কর্মপ্রচেষ্টা অব্যাহত রাখায় পরিচালনা পর্ষদসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করি, কোম্পানির সাফল্যের অগ্রযাত্রা অব্যাহত রাখতে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের মেধা, দক্ষতা ও অভিজ্ঞতা দিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করবেন।

**(মোঃ আমিন উল আহসান)**

**মোঃ রেজানুর রহমান**
চেয়ারম্যান
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)



# বাণী

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর আওতাধীন সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। আমি আশা করি, এ প্রতিবেদনে কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের সামগ্রিক কর্মকাণ্ড, আয়-ব্যয় ও ভবিষ্যৎ পরিকল্পনার চিত্র যথাযথভাবে প্রতিফলিত হবে।

প্রাকৃতিক গ্যাস জাতীয় অগ্রগতি ও অর্থনৈতিক সমৃদ্ধির মূল চালিকাশক্তি। প্রাথমিক জ্বালানি হিসেবে প্রাকৃতিক গ্যাসের চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। গ্যাসের উৎপাদন বৃদ্ধির জন্য দেশের স্থলভাগে বিভিন্ন জরিপ পরিচালনা, অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন, কূপের ওয়ার্কওভার ও কূপমুখে কম্প্রেসর স্থাপন করা হচ্ছে। অন্যদিকে, সমুদ্রাঞ্চলেও জরিপ ও অনুসন্ধান কূপ খননের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। উৎপাদিত গ্যাস গ্রাহক প্রান্তে চাহিদানুযায়ী চাপে প্রবাহ নিশ্চিত করা এবং নতুন এলাকায় গ্যাস সরবরাহের জন্য নতুন সঞ্চালন পাইপলাইন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। চাহিদা ও সরবরাহের ভারসাম্য রক্ষায় দেশীয় প্রাকৃতিক গ্যাস উৎপাদন বৃদ্ধির পাশাপাশি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (LNG) আমদানি করা হচ্ছে। দেশের দক্ষিণাঞ্চলে প্রয়োজনীয় গ্যাস সরবরাহকল্পে পটুয়াখালী জেলার পায়রা-তে অথবা মোংলায় FSRU স্থাপন করে LNG সরবরাহের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া ভোলা অঞ্চলে শিল্পায়নের অবারিত দ্বার উন্মোচনের লক্ষ্যে গ্যাস উত্তোলন বৃদ্ধি করার জন্য আরো কয়েকটি নতুন কূপ খননের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মূল্যবান এ গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে বিতরণ কোম্পানিগুলোর উচিত হবে ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে গ্রাহকসেবা আরও উন্নত করা, গ্যাসের অপচয় রোধ করা এবং পরিবেশবান্ধব ব্যবস্থাপনা গড়ে তোলা।

আমি আশা করি এ কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণ তাদের মেধা, দক্ষতা ও নিরলস প্রচেষ্টার মাধ্যমে ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রাখতে সক্ষম হবে। আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

(মোঃ রেজানুর রহমান)



**প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু**
**ব্যবস্থাপনা পরিচালক**
সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

# ব্যবস্থাপনা পরিচালক-এর বক্তব্য

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের মহতী উদ্যোগের গর্বিত অংশীদার হতে পেরে আমি আনন্দিত। এ সময়ে সম্পাদিত কোম্পানির উন্নয়নমূলক কর্মকান্ডসহ অর্থনৈতিক কার্যাবলীর তথ্যাদি এ প্রতিবেদনের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে।

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে বিভিন্ন শ্রেণির গ্রাহককে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) ২০০৯ সালের ২৩ নভেম্বর পেট্রোবাংলার একটি বিতরণ কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করে এবং ২০১৩ সালের ২৮ আগষ্ট বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। বর্তমানে এ কোম্পানি ভোলা ও কুষ্টিয়া জেলায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ, বাণিজ্যিক ও গৃহস্থালি খাতে নিরাপদ, নিরবচ্ছিন্ন, টেকসই গ্যাস সরবরাহ ও তদসংশ্লিষ্ট সেবা প্রদান করছে। এ কোম্পানির সরবরাহকৃত গ্যাসের প্রায় ৯৫% বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে যা জাতীয় গ্রিডে যুক্ত হয়ে বিদ্যুৎ চাহিদা নিরসনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

গত ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি সর্বমোট ১০৭৭.৭১৪ এমএমসিএম গ্যাস বিক্রয় করে। ২০২৩-২৪ অর্থবছরে যার পরিমাণ ছিল ৯০০.৯৬২ এমএমসিএম। এ অর্থবছরে গ্যাস বিক্রয় এবং অন্যান্য অপারেশনাল আয়সহ মোট অর্জিত রেভিনিউর পরিমাণ ১৮৯৯.৮৫ কোটি টাকা এবং সর্বমোট ব্যয় হয় ১৬৬৮.১৪ কোটি টাকা। উক্ত অর্থবছরে কোম্পানি ২৫৩.৪৫ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ১১৪.৩৮ কোটি টাকা অর্থাৎ আলোচ্য ২০২৪-২০২৫ অর্থবছরে গ্যাস বিক্রয় বেশি হওয়ায় করপূর্ব মুনাফা বৃদ্ধি পেয়েছে ১৩৯.০৭ কোটি টাকা। পূর্ববর্তী বছরের তুলনায় মুনাফা ১২১.৫৮% বেশি হয়েছে। অর্জিত মুনাফা হতে লভ্যাংশ বাবদ ১২.০০ কোটি টাকা এবং আয়কর বাবদ ৪৭.৪০ কোটি টাকাসহ সর্বমোট ৫৯.৪০ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এ কোম্পানি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখছে এবং ভবিষ্যতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর আওতাধীন ভোলা জেলায় অবস্থিত বিসিক শিল্প নগরীতে গ্যাস সরবরাহের নিমিত্ত গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ ও কমিশনিং সম্পন্ন করে গত ২০২৪-২০২৫ অর্থবছরে বিসিকের অভ্যন্তরে একটি শিল্প শ্রেণির গ্রাহককে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়াও ভোলা এলাকায় একটি শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), একটি ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস) শ্রেণিতে ও কুষ্টিয়া এলাকায় একটি শিল্প শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। ভোলার বোরহানউদ্দিনস্থ নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিমিটেড (এনবিবিএল)-এর স্থায়ী আরএমএস ও পাইপলাইন নির্মাণপূর্বক ২২০ মেঃওঃ সিসিপিপি-তে প্রতিদিন গড়ে ৩৫ এমএমএসসিএফডি হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

খুলনা বিসিক শিল্প নগরীতে গ্যাস সরবরাহের লক্ষ্যে জিটিসিএল-এর আড়ংঘাটা সিজিএস অফটেক হতে বিতরণ পাইপলাইন ও ডিআরএস নির্মাণ কাজ সম্পন্ন করে গত ২০ আগস্ট ২০২৫ তারিখে গ্যাস কমিশনিং করা হয়েছে। বিসিক হতে শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সংযোগের আবেদন পাওয়া গিয়েছে। গ্যাস সরবরাহের অনুমতি পাওয়া গেলে খুলনা বিসিকে গ্যাস সরবরাহের মাধ্যমে কোম্পানির গ্রাহক সংখ্যা তথা রাজস্ব আয়ের পরিমাণ বৃদ্ধি করা সম্ভব হবে।

এছাড়া, খুলনাস্থ রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি-এর পাইপলাইন ও আরএমএস কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্রের Hot Commissioning এর কাজ চলমান রয়েছে। এছাড়া, যশোর ইপিজেড-এ গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে গ্যাস অবকাঠামো নির্মাণের বিষয়ে কোম্পানি পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হলে ভবিষ্যতে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণের মাধ্যমে জ্বালানি চাহিদা পূরণে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) আরো গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা ও কুষ্টিয়া এলাকায় প্রতিটি গ্রাহক আঙ্গিনা পরিদর্শন করে ভোলা ও কুষ্টিয়া এলাকায় অবৈধ গ্যাস পাইপলাইন নেটওয়ার্কের মাধ্যমে অবৈধ গ্রাহক  না থাকার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। গ্যাস সরবরাহ ব্যবস্থাপনায় এ কোম্পানির সিস্টেম লস শূন্যের কোটায়। কর্তৃপক্ষের নির্দেশনা ও সুষ্ঠু ব্যবস্থাপনায় ভোলায় প্রাপ্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে অত্র এলাকায় শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদানের মাধ্যমে এ কোম্পানির বিপণন ও রাজস্ব কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি এ অঞ্চলে শিল্পায়নের এক অবারিত দ্বার উন্মোচনে এসজিসিএল-এর সুদৃঢ় প্রয়াস অব্যাহত থাকবে। এছাড়া, ভোলাতে পর্যাপ্ত গ্যাস সরবরাহ থাকায় ভোলাভিত্তিক শিল্প কারখানা স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কোম্পানি পর্যায়ে বিনিয়োগকারীদেরকে সর্বোচ্চ সহযোগিতা করা হচ্ছে। ইন্টিগ্রেটেড সফটওয়্যার এন্ড অনলাইন বিলিং সিস্টেম অত্র কোম্পানিতে ডেভেলপ করা হয়েছে এবং উক্ত সফটওয়্যার এর মাধ্যমে এসজিসিএল-এর সকল গ্রাহকের যাবতীয় তথ্য ডিজিটালাইজড পদ্ধতিতে সার্ভারে সংরক্ষিত করা সম্ভব হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে এসজিসিএল-এর ডি-নথি ব্যবহারের হার ১০০%।

কোম্পানির এ অগ্রযাত্রায় সার্বিক সহযোগিতা, পরামর্শ ও দিকনির্দেশনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, দাতা সংস্থা, উন্নয়ন সহযোগী অন্যান্য প্রতিষ্ঠান, পেট্রোবাংলা এবং এসজিসিএল পরিচালনা পর্ষদসহ সংশ্লিষ্ট সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং কোম্পানির অব্যাহত সাফল্যের মূল চালিকাশক্তি হিসেবে অবদান রাখায় সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

**(প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু)**

# SHAREHOLDERS



## Md Rezanur Rahman
Chairman
Petrobangla

## S. M. Mahbub Alam
Joint Secretary
&
Director (Administration), Petrobangla





## A K M Mizanur Rahman
Joint Secretary
&
Director (Finance), Petrobangla

# SHAREHOLDERS



## Md. Abdul Mannan Patwary

Director (Planning)
Petrobangla



## Engr. Md. Rafiqul Islam

Director (Operation & Mines)
Petrobangla



## Md. Amzad Hossain

Secretary
Petrobangla

# The Board of Directors



## Md. Amin Ul Ahsan

Chairman, SGCL Board
&
Chairman (Secretary), Bangladesh Petroleum Corporation



## MD. Rafiqul Alam

Director, SGCL Board
&
Additional Secretary (Company Affairs)
Energy & Mineral Resources Division



## Mst. Moursheda Ferdous

Director, SGCL Board
&
Joint Secretary (Development-3 Branch)
Energy & Mineral Resources Division



## Md. Oliur Rahman

Director, SGCL Board
&
Joint Secretary (Administration-3 Branch)
Energy & Mineral Resources Division



## S. M. Shafaet Hossen

Director, SGCL Board
&
Joint Secretary (Drafting)
Legislative & Parliamentary Affairs Division

# The Board of Directors



## Md. Abdul Mannan Patwary

Director, SGCL Board
&
Director (Planning)
Petrobangla



## S M Jakaria

Director, SGCL Board
&
Deputy Secretary (Planning-1 Section)
Energy and Mineral Resources Division



## Rafiqul Islam

Director, SGCL Board
&
Senior Assistant Secretary (Administration-2 Section)
Energy and Mineral Resources Division



## Engr. Goutam Chandra Kundu

Director, SGCL Board
&
Managing Director, SGCL

# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
## Sundarban Gas Company Limited
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.২১.০০০০.১১০.০৬.০১৪.১৪/এজিএম-১৬/১১৩(ক)

তারিখ: ০৯/১১/২০২৫ খ্রি.

### বার্ষিক সাধারণ সভার সংশোধিত বিজ্ঞপ্তি

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা আগামী ০৪ ডিসেম্বর' ২০২৫ (১৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ), রোজ বৃহস্পতিবার, সন্ধ্যা ৬:৩০ ঘটিকায় পেট্রোবাংলার বোর্ড রুম, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার ভবন (৪র্থ তলা), ৩, কাওরান বাজার বা/এ,ঢাকা-১২১৫ এ অনুষ্ঠিত হবে:

**আলোচ্যসূচি: এসজিসিএল-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা' ২০২৫**

১। কোম্পানির ১৫তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী নিশ্চিতকরণ;
২। কোম্পানির ১৫তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা;
৩। কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের সার্বিক কার্যক্রমের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
৪। কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র এবং নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
৫। কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের নগদ লভ্যাংশ ঘোষণা;
৬। কোম্পানির ২০২৫-২০২৬ অর্থবছরে হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;
৭। কোম্পানি আইনের ৯১(১)(খ) ধারা এবং কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১০৭ বিধি অনুযায়ী পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ নিয়মিতকরণ;
৮। কোম্পানি আইনের ৯১(২) ধারা এবং কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১১২ ও ১১৫ বিধি অনুযায়ী এসজিসিএল পরিচালনা পর্ষদের এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ এবং তদস্থলে পরিচালক নিয়োগ:
৯। কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দের সম্মানীর পুনর্নির্ধারিত হার নিয়মিতকরণ;
১০। বিবিধ: চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় আইনগতভাবে আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে)।

**সভার কার্যপত্র যথাশীঘ্র প্রেরণ করা হবে।**

এসজিসিএল এর সম্মানিত শেয়ারহোল্ডার ও পর্ষদ পরিচালকবৃন্দকে উক্ত সভায় অংশগ্রহণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।

সম্মানিত কোন শেয়ারহোল্ডার ব্যক্তিগতভাবে সভায় উপস্থিত হতে অপারগ হলে প্রক্সি (Proxy) ফর্ম জমাদানের মাধ্যমে তাঁর পক্ষ থেকে সভায় উপস্থিত হওয়ার জন্য প্রতিনিধি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফর্ম এতদসঙ্গে সংযুক্ত করা হল।

পরিচালকমণ্ডলীর আদেশক্রমে

সংযুক্তি: প্রক্সি-ফর্ম।

**(মোঃ জিল্লুর রহমান)**
কোম্পানি সচিব

**বিতরণ:**

**শেয়ারহোল্ডারবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। জনাব মোঃ রেজানুর রহমান, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ,ঢাকা।
২। জনাব এস. এম. মাহবুব আলম, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৩। জনাব এ কে এম মিজানুর রহমান, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৪। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ৩,কাওরান বাজার বা/এ,ঢাকা।
৫। প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৬। জনাব মোঃ আমজাদ হোসেন, সচিব, পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।
৭। পেট্রোবাংলা: প্রতিনিধিত্বকারী- চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।

**পরিচালকবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। জনাব মোঃ আমিন উল আহসান, চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২। জনাব মোঃ রফিকুল আলম, অতিরিক্ত সচিব (সমন্বয় ও মনিটরিং), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৩। মোছাঃ মোর্শেদা ফেরদৌস, যুগ্মসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়।
৪। জনাব মোঃ অলিউর রহমান, যুগ্মসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৫। জনাব এস. এম. শাফায়েত হোসেন, যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৬। জনাব মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ৩, কাওরান বাজার বা/এ,ঢাকা।
৭। জনাব এস এম জাকারিয়া, উপসচিব (পরিকল্পনা-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৮। জনাব রফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৯। প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু, ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), এসজিসিএল।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
২। কে. এম. হাসান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, হোমটাউন এপার্টমেন্টস (৮ম ও ৯ম ফ্লোর), ৮৭, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
৩। সহকারী নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের খুলনা বিভাগীয় কার্যালয়, ট্রিবিউন টাওয়ার, ২/বি, কে.ডি.এ. অ্যাভিনিউ, খুলনা।
৪। অফিস কপি।

# পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আসসালামু আলাইকুম।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ১৬তম বার্ষিক সাধারণ সভায় ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের উপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন পেশ করার প্রারম্ভে আমি এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের পক্ষ হতে সকলকে স্বাগত জানাচ্ছি।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

প্রাকৃতিক গ্যাস জাতীয় অগ্রগতি ও অর্থনৈতিক সমৃদ্ধির মূল চালিকাশক্তি। দেশের দারিদ্র্য বিমোচন, শিল্পায়ন ও সার্বিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিতকল্পে প্রাকৃতিক গ্যাসের গুরুত্ব অপরিসীম। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করার উদ্দেশ্যে ২৩ নভেম্বর ২০০৯ তারিখে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর অগ্রযাত্রা সূচিত হয়। খুলনা বিভাগ, বরিশাল বিভাগ এবং ঢাকা বিভাগের ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলাসহ মোট ২১টি জেলা এ কোম্পানির অধিভুক্ত এলাকা। অধিভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ, গ্রাহকদের গ্যাস সংযোগ প্রদান এবং সংযোগ পরবর্তী সেবা প্রদানের দায়িত্ব এ কোম্পানির। কোম্পানির অনুমোদিত মূলধন ৩০০ (তিনশত) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন বর্তমানে ১০০ (একশত) কোটি টাকা। প্রতিটি শেয়ারের মূল্য ১০০ (একশত) টাকা হিসেবে কোম্পানির বর্তমান শেয়ার সংখ্যা ১ (এক) কোটি। কোম্পানির Memorandum and Articles of Association-এ Subscriber হিসেবে পেট্রোবাংলার চেয়ারম্যান, পরিচালকগণ এবং সচিবের নামে মোট ৭ (সাত) টি শেয়ার এবং বাকি ৯৯,৯৯,৯৯৩ (নিরানব্বই লক্ষ নিরানব্বই হাজার নয়শত তিরানব্বই) টি শেয়ার পেট্রোবাংলার প্রতিনিধিত্বকারী চেয়ারম্যান-এর নামে বরাদ্দ রয়েছে।

আমি আনন্দের সাথে ঘোষণা করছি যে, ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি কর্তৃক বিভিন্ন খাতে গ্যাস বিক্রয় এবং অন্যান্য অপারেশনাল আয়সহ মোট অর্জিত রেভিনিউর পরিমাণ ১৮৯৯.৮৫ কোটি টাকা এবং সর্বমোট ব্যয় হয় ১৬৬৮.১৪ কোটি টাকা। উক্ত অর্থবছরে কোম্পানি ২৫৩.৪৫ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। অর্জিত মুনাফা হতে লভ্যাংশ বাবদ ১২.০০ কোটি টাকা এবং আয়কর বাবদ ৪৭.৪০ কোটি টাকাসহ সর্বমোট ৫৯.৪০ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া, সরবরাহকারীর বিল হতে উৎসে কর্তনকৃত আয়কর বাবদ ৫৯.১৩ কোটি টাকা এবং ভ্যাট বাবদ ১.১৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। কোম্পানি কর্তৃপক্ষের সুষ্ঠু ব্যবস্থাপনায় বিপণন ও রাজস্ব কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি সার্বিক বিষয়ে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করে এ কোম্পানি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখছে এবং ভবিষ্যতেও এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির বিপণন, আর্থিক ও অপারেশনাল কার্যক্রমের উপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।



এসজিসিএল-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা

## বিপণন কার্যক্রম:

### গ্যাস সংযোগ:

২০২৪-২০২৫ অর্থবছরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কুষ্টিয়া এলাকায় একটি শিল্প শ্রেণিতে এবং ভোলা এলাকায় একটি শিল্প শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া, ভোলা এলাকায় একটি শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস) এবং একটি ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস) শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে কোম্পানির ভোলা ও কুষ্টিয়া এলাকায় বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস), ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস), বাণিজ্যিক ও গৃহস্থালি শ্রেণির মোট গ্রাহক সংখ্যা ২৩৯৬টি। উল্লেখ্য, সরকারের নির্দেশনার আলোকে ১৫ জানুয়ারি ২০২০ থেকে আবাসিক শ্রেণিতে নতুন গ্যাস সংযোগ ও লোড বৃদ্ধি বন্ধ রয়েছে।

### গ্যাস ক্রয়:

কোম্পানি ২০২৪-২০২৫ অর্থবছরে ১১১৬.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ১০৬৪.৭২ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় করেছে, যার মধ্যে ভোলায় অবস্থিত সরকারি মালিকানাধীন বাপেক্সের শাহবাজপুর গ্যাসক্ষেত্র হতে ৭০২.৮৬ মিলিয়ন ঘনমিটার এবং জাতীয় গ্যাস গ্রিড হতে ৩৬১.৮৬ মিলিয়ন ঘনমিটার গ্যাস গ্রহণ করা হয়েছে।

### গ্যাস বিক্রয়:

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এসজিসিএল কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে ভোলাস্থ গ্যাস সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্কের মাধ্যমে বিদ্যুৎ, শিল্প, বাণিজ্যিক, আবাসিক, ক্যাপটিভ, শিল্প ও ক্যাপটিভ (নন-পাইপ ভোলা) গ্রাহক এবং জাতীয় গ্রিড হতে আঞ্চলিক বিপণন কার্যালয়, কুষ্টিয়ার শিল্প ও ক্যাপটিভ শ্রেণীর গ্রাহককে এবং ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা হয়। কোম্পানির ২০২৪-২০২৫ এবং ২০২৩-২০২৪ অর্থবছরে গ্যাস বিক্রয় ও বিক্রয়লব্ধ আয়ের তুলনামূলক বিবরণী উপস্থাপন করা হলোঃ

| গ্রাহক শ্রেণি | ২০২৪-২০২৫ | | ২০২৩-২০২৪ | |
|---|---|---|---|---|
| | পরিমাণ (মিলিয়ন ঘনমিটার) | বিক্রয়মূল্য (লক্ষ টাকা) | পরিমাণ (মিলিয়ন ঘনমিটার) | বিক্রয়মূল্য (লক্ষ টাকা) |
| বিদ্যুৎ | ১০২৫.০১০ | ১৫৮৮৭৬.৬২২ | ৮৫০.১৯৮ | ১২৩২৭৩.৫৩০ |
| শিল্প | ২৫.৫৫৭ | ৭৬৬৭.০৪৫ | ২৯.০২৫ | ৮৭০৭.৫১৩ |
| ক্যাপটিভ | ১৪.৪৯২ | ৪৫৬৪.৮৮৩ | ১৬.০৯৮ | ৪৮৯৬.৯৩৯ |
| বাণিজ্যিক (হোটেল ও রেস্তোরাঁ) | ০.০২৪ | ৭.৩৮১ | ০.০২৯ | ৮.৭২৭ |
| আবাসিক | ৪.৭৯০ | ৮৬২.২০২ | ৪.৭৯৫ | ৮৬২.৮৩৭ |
| শিল্প (নন-পাইপ ভোলা) | ৭.১৯৬ | ১২২৩.৩৪০ | ০.৮১৭ | ১৩৮.৯০২ |
| ক্যাপটিভ (নন-পাইপ ভোলা) | ০.৬৪৫ | ১০৯.৭০০ | - | - |
| মোট= | ১০৭৭.৭১৪ | ১৭৩৩১১.১৭৩ | ৯০০.৯৬২ | ১৩৭৮৮৮.৪৪৮ |

### অন্যান্য পরিচালন আয়:

কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরে সংযোগ ফি, কমিশনিং ফি, সারচার্জ, মিটার ভাড়া, ডিমান্ড চার্জ ও হিটিং ভ্যালু বাবদ আয় হয়েছে ১৬,৬৭৩.৯৯ লক্ষ টাকা যা ২০২৩-২০২৪ অর্থবছরে ছিল ১০,৬৮৭.৭৬৮ লক্ষ টাকা।

### গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ কার্যক্রম:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর অধিভুক্ত ভোলা জেলায় আবাসিক, বাণিজ্যিক, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, শিল্প (ভোলার নন-পাইপ গ্যাস) , ক্যাপটিভ পাওয়ার (ভোলার নন-পাইপ গ্যাস) ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ রয়েছে। এছাড়া, কুষ্টিয়াতে শিল্প, ক্যাপটিভ পাওয়ার ও বিদ্যুৎ শ্রেণিতে গ্যাস সংযোগ রয়েছে। ইতোমধ্যে এসজিসিএল-এর অধিভুক্ত ভোলা ও কুষ্টিয়া এলাকায় প্রতিটি গ্রাহক আঙিনা পরিদর্শন করে ভোলা ও কুষ্টিয়া এলাকাকে অবৈধ গ্যাস পাইপ লাইন নেটওয়ার্কের আওতায় অবৈধ গ্রাহক নেই মর্মে নিশ্চিত করা হয়েছে। এতৎসত্ত্বেও পেট্রোবাংলার নির্দেশনায় গ্যাস কারচুপি/অবৈধ গ্যাস সংযোগ মনিটরিং করার জন্য কোম্পানি পর্যায়ে গঠিত ভিজিলেন্স ও টাস্কফোর্স টিম কর্তৃক নিয়মিতভাবে গ্রাহক আঙিনা পরিদর্শন করা হচ্ছে এবং কোনো অবৈধ গ্যাস পাইপলাইন নির্মাণ/গ্যাস সংযোগ/গ্যাস কারচুপির তথ্য পাওয়া গেলে তৎক্ষণাৎ "গ্যাস বিপণন নিয়মাবলী, ২০১৪"/বাংলাদেশ গ্যাস আইন, ২০১০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এছাড়াও, গ্রাহক

আঙিনায় অননুমোদিত সরঞ্জাম/চুলা পাওয়া গেলে, ভিন্ন উদ্দেশ্যে গ্যাস ব্যবহার করা হলে কিংবা বিল খেলাপি গ্রাহক হলে টিম কর্তৃক তাৎক্ষণিকভাবে গ্যাস সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হয়ে থাকে।

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানি পর্যায়ে গঠিত ভিজিলেন্স টিম ও টাস্কফোর্স টিম কর্তৃক মোট ৫১১ (পাঁচশত এগারো) জন আবাসিক গ্রাহকের আঙিনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে বিল বকেয়াজনিত কারণে ০১ (এক) টি শিল্প শ্রেণী ও ১৩ (তেরো) টি আবাসিক শ্রেণীর গ্রাহকসহ সর্বমোট ১৪ (চৌদ্দ) টি গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। উল্লেখ্য, পরিদর্শনকালে কোনোরূপ অবৈধ গ্যাস সংযোগ/অবৈধ পাইপলাইন/অননুমোদিত গ্যাস সরঞ্জামের ব্যবহার পরিলক্ষিত না হওয়ায় কোনো গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়নি। বিল বকেয়াজনিত কারণে বিচ্ছিন্নকৃত গ্রাহকের গ্যাস সংযোগ “গ্যাস বিপণন নিয়মাবলী, ২০১৪” অনুযায়ী পুনঃসংযোগ ফি এবং সংযোগ বিচ্ছিন্ন ফি আদায়পূর্বক পুনঃসংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া, অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ/অবৈধ কার্যক্রম থেকে বিরত থাকার জন্য নিয়মিতভাবে মাইকিং-এর মাধ্যমে প্রচার প্রচারণা অব্যাহত আছে।



রূপসা ৮০০ মেঃওঃ বিদ্যুৎকেন্দ্র পরিদর্শন

## আর্থিক ও রাজস্ব কার্যক্রম:

এ পর্যায়ে আমি কোম্পানির আর্থিক ও রাজস্ব কার্যক্রমের বিস্তারিত বিবরণী আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

## হুইলিং চার্জ:

জিটিসিএল-এর গ্যাস সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে এসজিসিএল নেটওয়ার্কে সরবরাহকৃত ৩৬১.৮৬৪ মিলিয়ন ঘনমিটার গ্যাসের হুইলিং চার্জ বাবদ ব্যয় হয়েছে ৩৬.৯১ কোটি টাকা। বিগত অর্থবছরে যার পরিমাণ ছিল ১৫.৯০ কোটি টাকা। চলতি অর্থবছরে জাতীয় গ্রিড হতে বিগত বছরের তুলনায় অধিক গ্যাস সরবরাহ করায় হুইলিং চার্জের পরিমাণ বেশি হয়েছে।

## গ্যাস উন্নয়ন তহবিল:

গ্যাসের অনুসন্ধান ও উৎপাদনে নিয়োজিত কোম্পানিসমূহের মজুত/উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে ১ আগস্ট ২০০৯ তারিখে গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) গঠন করা হয়। এ খাতে ২০২৪-২০২৫ অর্থবছরে চাঁদা প্রদান বাবদ ব্যয় ১৯.৩৬ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে জমার পরিমাণ ছিল ১৬.৩০ কোটি টাকা। বিগত বছরের তুলনায় চলতি অর্থবছরে গ্যাস ক্রয়ের পরিমাণ বেশি হওয়ায় গ্যাস উন্নয়ন তহবিল খাতে এসজিসিএল-এর অবদান বৃদ্ধি পেয়েছে।

## জ্বালানি নিরাপত্তা তহবিল:

‘বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন’ কর্তৃক ১ সেপ্টেম্বর ২০১৫ থেকে কার্যকর করে পুনঃনির্ধারিত গ্যাস ট্যারিফে গ্যাসের সম্পদমূল্য ভারিত গড়ে প্রতি ঘনমিটার ১.০১ টাকা সমন্বয়ে ভোক্তা স্বার্থে “জ্বালানি নিরাপত্তা তহবিল” গঠন করা হয়। এ তহবিলে ২০২৪-২০২৫ অর্থবছরে ব্যয়

২১.৫৯ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ১৮.১৬ কোটি টাকা। চলতি অর্থবছরে গ্যাস ক্রয়ের পরিমাণ বেশি হওয়ায় জ্বালানি নিরাপত্তা তহবিল খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

### এলএনজি চার্জ:

দেশীয় গ্যাসের সীমিত উৎপাদন বৃদ্ধি এবং গ্যাসের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধির প্রেক্ষাপটে বিগত ১৮ আগস্ট ২০১৮ তারিখ হতে আমদানিকৃত এলএনজির ব্যয় নির্বাহের জন্য ২০২৪-২০২৫ অর্থবছরে বিইআরসি কর্তৃক নির্ধারিত এলএনজি অপারেশনাল চার্জ বাবদ ৭৮৪.৩০ কোটি টাকা ব্যয় হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ৬০৩.৭৪ কোটি টাকা। বিগত বছরের তুলনায় চলতি অর্থবছরে গ্যাস ক্রয়ের পরিমাণ বেশি হওয়ায় এলএনজি চার্জ খাতে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

### পেট্রোবাংলার চার্জ:

আমদানিকৃত এলএনজির ব্যয় নির্বাহের বিপরীতে ২০২৪-২০২৫ অর্থবছরে বিইআরসি কর্তৃক নির্ধারিত পেট্রোবাংলার চার্জ বাবদ ৭.২৭ কোটি টাকা ব্যয় হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ৬.০৭ কোটি টাকা। চলতি অর্থবছরে গ্যাস ক্রয়ের পরিমাণ অধিক হওয়ায় পেট্রোবাংলার চার্জ খাতে খরচ বৃদ্ধি পেয়েছে।

### নিট মুনাফা:

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির করপূর্ব মুনাফা হয়েছে ২৫৩.৪৫ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল ১১৪.৩৮ কোটি টাকা অর্থাৎ আলোচ্য অর্থবছরে মুনাফা বৃদ্ধি পেয়েছে ১৩৯.০৭ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ১২১.৫৮% বেশি। বিগত বছরের তুলনায় চলতি অর্থবছরে গ্যাস বিক্রয় বেশি হওয়ায় নিট মুনাফা বেশি হয়েছে।

কোম্পানির অর্থবছরভিত্তিক মুনাফার হিসাব নিম্নে প্রদর্শন করা হলো:

### অর্থবছরভিত্তিক মুনাফার বিবরণী

(কোটি টাকায়)

| অর্থবছর | গ্যাস বিক্রয়ের পরিমাণ (এমএমসিএম) | গ্যাস বিক্রয় (টাকা) | গ্যাস ক্রয়ের পরিমাণ (এমএমসিএম) | গ্যাস ক্রয় (টাকা) | মোট মুনাফা | অপারেশনাল ও অন্যান্য আয় | প্রশাসনিক ও অন্যান্য ব্যয় | করপূর্ব মুনাফা | আয়কর | কর পরবর্তী মুনাফা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৩-১৪ | ২১.৩১ | ৬.২১ | ২০.৮৫ | ৪.৯ | ১.৩১ | ২.৮৮ | ৩.৫৬ | ০.৬৩ | ০.২২ | ০.৪১ |
| ২০১৪-১৫ | ৯০.৯১ | ২৬.২৯ | ৯০.৯১ | ২১.১৯ | ৫.১০ | ৫.১৫ | ৪.৭২ | ৫.৫৩ | ১.৯৪ | ৩.৫৯ |
| ২০১৫-১৬ | ২৯৪.৫৭ | ৮৪.৪৫ | ২৯৪.৫৪ | ৭১.২৮ | ১৩.১৭ | ৩.১০ | ৬.৯২ | ৯.৩৫ | ৩.২৭ | ৬.০৮ |
| ২০১৬-১৭ | ৩৪৭.৪৮ | ১০৪.২৭ | ৩৪৭.৪৮ | ৯০.২২ | ১৪.০৫ | ৫.৮১ | ১৩.৮৮ | ৫.৯৮ | ২.০৯ | ৩.৮৯ |
| ২০১৭-১৮ | ৭৬৮.৪৬ | ২৪৭.০০ | ৭৬৬.৪৮ | ২১৭.১৪ | ২৯.৮৬ | ১৯.৮৪ | ১৬.৩৮ | ৩৩.৩২ | ১১.৬৬ | ২১.৬৬ |
| ২০১৮-১৯ | ৯৭৯.৮৭ | ৩১৭.৯৫ | ৯৭১.৬৫ | ২৬৮.৮৬ | ৪৯.০৯ | ৩৪.১৯ | ২১.৯১ | ৬১.৩৭ | ২১.৪৮ | ৩৯.৮৯ |
| ২০১৯-২০ | ৯৫৬.০৪ | ৪৪২.৩৪ | ৯৩৫.৮৩ | ৩৮৯.১৮ | ৫৩.১৬ | ৬৪.৪ | ৩৭.০৬ | ৮০.৫০ | ২৬.১৬ | ৫৪.৩৪ |
| ২০২০-২১ | ৯৫২.৫১ | ৪৪৩.৪৭ | ৯৪১.৮৪ | ৩৯৬.৯৩ | ৪৬.৫৪ | ৭৮.৪৮ | ৩৯.৯৭ | ৮৫.০৫ | ২৫.৫১ | ৫৯.৫৪ |
| ২০২১-২২ | ১০৩৩.৮৭ | ৪৯৪.৬৩ | ১০২৯.৫৪ | ৪৩৯.৮৫ | ৫৪.৭৮ | ৯৩.৫১ | ৪৫.৬৫ | ১০২.৬৪ | ২৮.২৫ | ৭৪.৩৯ |
| ২০২২-২৩ | ৯১৫.৭২ | ৮৩৬.৮৯ | ৯০৭.৮৪ | ৭৮৬.৩৩ | ৫০.৫৬ | ৯২.২০ | ৪৭.১২ | ৯৫.৬৪ | ২৬.৩০ | ৬৯.৩৪ |
| ২০২৩-২৪ | ৯০০.৯৬ | ১৩৭৮.৮৮ | ৮৮৯.০২ | ১২৬৪.১৮ | ১১৪.৭০ | ১২৮.২৬ | ১২৮.৫৮ | ১১৪.৩৮ | ২৮.৫৮ | ৮৫.৮০ |
| ২০২৪-২৫ | ১০৭৭.৭১৪ | ১৭৩৩.১১ | ১০৬৪.৭২৭ | ১৬১৪.০০ | ১১৯.১১ | ২০১.৮২ | ৬৭.৪৮ | ২৫৩.৪৫ | ৬৩.৩৭ | ১৯০.০৮ |

### অ্যাকাউন্টস রিসিভেবল ও বকেয়া গ্যাস বিলের বিবরণী:

৩০ জুন ২০২৫ তারিখে অ্যাকাউন্ট রিসিভেবলের পরিমাণ ১৭১৫১১.৭৭ লক্ষ টাকা। উল্লেখ্য, জুন ২০২৫ মাসের গ্যাস বিক্রয়ের পরিমাণ ১৬২১২.৮৪ লক্ষ টাকা, যা জুলাই ২০২৫ মাসে ইনভয়েস করা হয়েছে বিধায় উক্ত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবলের মধ্যে অন্তর্ভুক্ত থাকলেও তা বকেয়া গ্যাস বিলের হিসাব হতে বাদ দেওয়া হয়েছে। তবে ৩০ জুন ২০২৫ তারিখের হিসাব অনুযায়ী বকেয়া গ্যাস বিলের পরিমাণ ১৫৫২৯৮.৯৩ লক্ষ টাকা যা ১১.১৮ মাসের গড় বিলের সমতুল্য। গ্রাহক শ্রেণিভিত্তিক বকেয়া গ্যাস বিলের বিবরণী নিম্নে ছক আকারে দেখানো হলোঃ

| ক্র: নং | গ্রাহক শ্রেণি | ৩০ জুন ২০২৫ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবল (লক্ষ টাকায়) | ৩০ জুন ২০২৫ তারিখে বকেয়া গ্যাস বিলের পরিমাণ (জুন ২০২৫ মাসের বিক্রয় ব্যতীত) (লক্ষ টাকায়) | মাসিক গড় বিক্রয় (লক্ষ টাকায়) | সমতুল্য মাস |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ = (৪/৫) |
| ১ | বিদ্যুৎ | | | | |
| | সরকারি | ১০২০০৮.৪৯ | ৯২১৬৮.৪৯ | ৭২৪৩.৬২ | ১২.৭২ |
| | বেসরকারি | ৬৭৫৯৭.২৮ | ৬২২০১.৯০ | ৫৪১৬.২৪ | ১১.৪৮ |
| ২ | ক্যাপটিভ পাওয়ার | | | | |
| | সরকারি | ৩.৩৬ | ১.১২ | ১.১০ | ১.০১ |
| | বেসরকারি | ৩৪৭.৬১ | - | ৩৬৬.৭৪ | - |
| ৩ | শিল্প | | | | |
| | সরকারি | - | - | - | - |
| | বেসরকারি | ৭৮০.৩০ | ২৩২.৪৪ | ৬১১.৯৯ | ০.৩৮ |
| ৪ | বাণিজ্যিক | | | | |
| | সরকারি | - | | - | - |
| | বেসরকারি | ২.২৪ | ১.৭৫ | ০.৫০৫ | ৩.৪৭ |
| ৫ | আবাসিক | | | | |
| | সরকারি | ১৩.৪৬ | ১১.২২ | ২.২৯ | ৪.৯০ |
| | বেসরকারি | ৯৩.৯০ | ২৪.৮০ | ৬৯.১৯ | ০.৩৬ |
| ৬ | শিল্প (নন-পাইপ ভোলা) | | | | |
| | বেসরকারি | ৫৮৫.৪৯ | ৫৭৮.৯৬ | ১৪৭.২৪ | ৩.৯৩ |
| ৭ | ক্যাপটিভ (নন-পাইপ ভোলা) | | | | |
| | বেসরকারি | ৭৯.৬৪ | ৭৮.২৫ | ২৬.২০ | ২.৯৯ |

**৩০ জুন ২০২৫ তারিখের মোট অ্যাকাউন্ট রিসিভেবল ও বকেয়া গ্যাস বিলের পরিমাণ: (লক্ষ টাকায়)**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | মোট সরকারি | ১০২০২৫.৩১ | ৯২১৮০.৮৩ | ৭২৪৭.০১ | ১২.৭২ |
| ৯ | মোট বেসরকারি | ৬৯৪৮৬.৪৬ | ৬৩১১৮.১০ | ৬৬৩৮.১০ | ৯.৫১ |
| ১০ | সর্বমোট (৭+৯) | **১৭১৫১১.৭৭** | **১৫৫২৯৮.৯৩** | **১৩৮৮৫.১১** | **১১.১৮** |

বিদ্যুৎ গ্রাহকের নিকট ৩০ জুন ২০২৫ তারিখে সারচার্জ বাবদ পাওনা রয়েছে ৪০৪৫.৯৫ লক্ষ টাকা।

## অনলাইন কার্যক্রম:

### ইন্টিগ্রেটেড সফটওয়্যার অ্যান্ড অনলাইন বিলিং সিস্টেম:

এসজিসিএল-এর বিপণন, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ও ফিন্যান্স ডিভিশনের জন্য মডিউলভিত্তিক সফটওয়্যার তৈরির লক্ষ্যে ২০১৭ সালে এসজিসিএল এবং আইআইসিটি, বুয়েট-এর মধ্যে চুক্তি সম্পাদনের মাধ্যমে একটি অনলাইন রাজস্ব সফটওয়্যার ডেভেলপ করা হয়। উক্ত সফটওয়্যারে এসজিসিএল-এর সকল গ্রাহকের যাবতীয় তথ্য ডিজিটালাইজড পদ্ধতিতে সার্ভারে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে। ফলে গ্রাহক সংক্রান্ত যাবতীয় তথ্যাদি, যেমন: মাসিক গ্যাস ব্যবহার এন্ট্রিসহ গ্রাহকের সকল তথ্য, গ্রাহকের গ্যাস বিল তৈরি এবং এর সাথে গ্যাস ক্রয় ও এমআইএস রিপোর্ট প্রস্তুতের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য তাৎক্ষণিকভাবে সিস্টেম হতে পাওয়া যায়। গ্রাহকের লেজার রিপোর্ট, সেলস রিপোর্ট, কালেকশন রিপোর্ট, অ্যাকাউন্টস রিসিভেবল রিপোর্ট, ডিমান্ড নোট সংক্রান্ত রিপোর্ট, জামানত সংক্রান্ত রিপোর্ট, ডিউজ লিস্ট, ডিফল্টার লিস্ট ইত্যাদি প্রস্তুত করা সম্ভব হচ্ছে। নিরাপত্তা জামানত সংক্রান্ত যাবতীয় কাজ যেমন: বিজি/পিএসপি/ক্যাশ এন্ট্রিকরণ, বিজি নবায়নকরণ, বিজি নগদায়ন, গ্রাহকের অতিরিক্ত জামানত ফেরত প্রদান, বিজি বাতিল, গ্রাহকের বিলের সাথে জামানত সমন্বয় ইনিশিয়েট করা, জামানত সমন্বয় অনুমোদন প্রদান, অনুমোদিত সমন্বয়কৃত জামানত গ্রাহক লেজারে স্থানান্তর, গ্রাহকের জামানত লেজার প্রদর্শন ও গ্রাহকের জামানতের হালনাগাদ স্থিতি সম্পর্কিত তথ্য পাওয়া সম্ভব হচ্ছে। এছাড়া, উক্ত সফটওয়্যারের মাধ্যমে অ্যাকাউন্ট এবং খাতভিত্তিক ডিমান্ড নোট যেমন:

গ্যাস বিল হিসাব সংক্রান্ত ডিমান্ড নোট, সাধারণ হিসাব সংক্রান্ত ডিমান্ড নোট, বিবিধ হিসাব সংক্রান্ত ডিমান্ড নোট প্রস্তুত করা সম্ভব হচ্ছে। এছাড়া বিভিন্ন সময়ে গ্রাহকের সংযোগ বিচ্ছিন্নকরণ, পুনঃসংযোগ প্রদান, চুলা স্থানান্তর, মিটার পরিবর্তন ইত্যাদি ইভেন্ট সংক্রান্ত তথ্যাদি হালনাগাদের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বিল প্রস্তুত করা হচ্ছে। এসজিসিএল-এর শিল্প গ্রাহকগণের মাসিক বিল প্রস্তুতের পর ই-মেইলে বিলের কপি প্রেরণ করা হচ্ছে এবং এসএমএস-এর মাধ্যমে বিল সংক্রান্ত তথ্য গ্রাহকদের অবগত করা হচ্ছে। বিল পরিশোধের পর উক্ত সফটওয়্যার সিস্টেম হতে সংশ্লিষ্ট গ্রাহককে বিল পরিশোধের কনফারমেশন এসএমএস প্রদান করা হচ্ছে। অনলাইন পদ্ধতিতে গ্রাহকগণ এসজিসিএল-এর সাথে চুক্তিবদ্ধ ০৭টি ব্যাংকের সকল শাখা ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস যেমন: বিকাশ, শিউরক্যাশ ইত্যাদির মাধ্যমে অনলাইনে গ্যাস বিল পরিশোধ করতে পারছেন।

## ডি-নথির ব্যবহার বৃদ্ধি:

বর্তমানে এসজিসিএল-এর সকল দাপ্তরিক কাজ ডি-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। ডি-নথিতে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কোম্পানিতে কর্মরত কর্মকর্তাগণকে নিয়মিতভাবে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ডি-নথিতে নথির শ্রেণিবিন্যাসসহ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কর্মশালা আয়োজনের মাধ্যমে ডি-নথির কার্যক্রম জোরদার করা হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে এসজিসিএল-এর ডি-নথি ব্যবহারের হার ১০০%। ডি-নথির মাধ্যমে দাপ্তরিক কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

## e-GP তে দরপত্র আহ্বান:

সরকারি নির্দেশনা মোতাবেক বর্তমানে এসজিসিএল কর্তৃক প্রায় সকল দরপত্র ই-জিপি সিস্টেমে আহ্বান করা হয়। বিগত ২০২৪-২০২৫ অর্থবছরের জুন' ২০২৫ মাস পর্যন্ত আহ্বানকৃত দরপত্রের সংখ্যা মোট ০৭টি। যার মধ্যে ই-জিপিতে আহ্বানযোগ্য দরপত্রের সংখ্যা ০৬টি এবং ০৬টি দরপত্রই ই-জিপির মাধ্যমে আহ্বান করা হয়েছে।

## ওয়েবসাইট হালনাগাদকরণ:

এসজিসিএল-এর ওয়েবসাইটটি (www.sgcl.gov.bd) ২০২০ সাল থেকে জাতীয় তথ্য বাতায়নের সাথে সংযুক্ত আছে। ওয়েবসাইটটি নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী হালনাগাদ করা হচ্ছে। ফলে সকল সরকারি সংস্থার সাথে এসজিসিএল-এর ওয়েবসাইটের সামঞ্জস্য বজায় থাকছে এবং গ্রাহক/জনসাধারণের তথ্য প্রাপ্তি সহজতর হচ্ছে।

## ভিডিও কনফারেন্সিং সিস্টেম ও অনলাইন মিটিং:

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের সাথে আন্ত:যোগাযোগ (একক এবং মাল্টি) করার জন্য এসজিসিএল-এর প্রধান কার্যালয়ে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে এবং অনলাইন মিটিং প্ল্যাটফর্ম জুমের মাধ্যমে দাপ্তরিক সকল সভা প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে হাইব্রিড মোডে আয়োজন করা সম্ভব হচ্ছে।

## উন্নয়ন কার্যক্রম:

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

এখন আমি কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী উপস্থাপন করছি।

## বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম:

### ভোলা বিসিকে গ্যাস সরবরাহ:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর আওতাধীন ভোলা জেলায় অবস্থিত বিসিক শিল্প নগরীতে গ্যাস সরবরাহের নিমিত্ত বিসিকের অর্থায়নে এসজিসিএল-এর মাধ্যমে ডিপোজিটরি ওয়ার্ক হিসেবে বিসিকের অভ্যন্তরে ৮" ব্যাস × ৬০ পিএসআইজি চাপ × ২৭৫ মিটার এবং ৪" ব্যাস × ৬০ পিএসআইজি চাপ × ৯৭০ মিটার গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ করে ০৯ অক্টোবর ২০২৪ তারিখে গ্যাস কমিশনিং সম্পন্ন করা হয়। তন্মধ্যে উক্ত বিসিকের অভ্যন্তরে অবস্থিত মেসার্স জে.কে. ট্রেডার্স নামীয় ০১টি শিল্প প্রতিষ্ঠানকে এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে গ্রাহক অর্থায়নে ও এসজিসিএল-এর সার্বিক তত্ত্বাবধানে সার্ভিস লাইন, আরএমএস ও অভ্যন্তরীণ লাইন নির্মাণ করে শিল্প শ্রেণিতে ১২ মার্চ ২০২৫ তারিখে দৈনিক ২৬,৮৮০ ঘনফুট বা ০.০২৬৯ এমএমসিএফ এবং মাসিক ১৯,৭৯০ ঘনমিটার লোডে গ্যাস সংযোগ প্রদান করা হয়।

### ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন পিএলসি-তে গ্যাস সরবরাহ:

ভোলা এলাকার উদ্বৃত্ত গ্যাস কম্প্রেসড করে প্রাথমিকভাবে ৫ এমএমসিএফডি এবং পরবর্তী পর্যায়ে আরো ২০ এমএমসিএফডি গ্যাস কম্প্রেসডকরণ/পরিবহন/সরবরাহের জন্য সকল প্রকার অবকাঠামো নির্মাণপূর্বক তিতাস গ্যাসের অধিক্ষেত্রাধীন এলাকার গ্রাহক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এবং ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন পিএলসি-এর মধ্যে ২১ মে ২০২৩ তারিখে চুক্তি

স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী ইন্ট্রাকো কর্তৃক গ্যাস সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১০ মে ২০২৩ তারিখের ২৮.০০.০০০০.০৩৪.২৯.০২১.২২.৪৬২ নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের অনুচ্ছেদ-১০ এবং এসজিসিএল ও ইন্ট্রাকোর মধ্যে স্বাক্ষরিত চুক্তির অধ্যায়-২০ অনুযায়ী ইন্ট্রাকোর মাধ্যমে দৈনিক ৫ (পাঁচ) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহ চুক্তিকাল পর্যন্ত চলমান রেখে ২য় পর্যায়ের জন্য নির্ধারিত অতিরিক্ত দৈনিক ২০ (বিশ) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহের বিষয়টি প্রত্যাহার করে ভোলার নন পাইপ গ্যাস সরবরাহ চুক্তি সংশোধনের লক্ষ্যে উভয় পক্ষ সম্মত হয়ে ১৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে এসজিসিএল ও ইন্ট্রাকোর মধ্যে সম্পূরক চুক্তি স্বাক্ষরিত হয়। বর্তমানে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন পিএলসি-তে প্রতিদিন গড়ে প্রায় ১.৮৪ এমএমএসসিএফ হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

## এসজিসিএল-এর আওতাধীন ভোলা ও কুষ্টিয়া এলাকায় অবস্থিত গ্যাস পাইপলাইনের সিপি সিস্টেম মনিটরিং ও রক্ষণাবেক্ষণ:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর পরিচালিত ১৫২.১৫৯ কি:মি: গ্যাস পাইপলাইনের ক্ষয় প্রতিরোধের জন্য ২টি TEG এবং ৮টি TR ভিত্তিক সিপি স্টেশনের মাধ্যমে ক্ষয় প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রতি মাসে সিপি স্টেশনসমূহ পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামতের মাধ্যমে পাইপলাইনসমূহের পিএসপি রিডিং গ্রহণযোগ্য মাত্রায় রাখা হয় এবং সার্বক্ষণিক অনলাইন মনিটরিংয়ের মাধ্যমে তদারকি করা হয়। এছাড়াও, ২০২৪-২০২৫ অর্থবছরে ভোলা এলাকায়, বিসিক ভোলায় গ্যাস সরবরাহের লক্ষ্যে ৮" ব্যাস ২৭৫ মিটার ও ৪" ব্যাসের ৯৭০ মিটার গ্যাস পাইপলাইন নির্মাণের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হয়। উক্ত পাইপলাইনের ক্ষয় প্রতিরোধের নিমিত্ত ০১ টি TR ভিত্তিক সিপি স্টেশন ও সিপি পোস্ট স্থাপন করা হয়েছে।



সিপি সিস্টেম মনিটরিং ও রক্ষণাবেক্ষণ

### ভোলা এলাকায় বিদ্যমান ১০"∅ x ১০০০ psig x 33 KM সঞ্চালন পাইপলাইনের Coating Defect I Gas Leakage শনাক্তকরণ ও মেরামতকরণ:

ভোলা এলাকায় বিদ্যমান ১০"∅ x ১০০০ psig x 33 KM সঞ্চালন পাইপলাইনের Coating Defect ও Leak Detection কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়। বিতরণ পাইপলাইনে Coating Defect পাওয়া গিয়েছে এবং কোনো Leak পাওয়া যায়নি। প্রাপ্ত Coating Defect সমূহ মেরামতকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ/মেরামত:

ক) এসজিসিএল-এর অধিভুক্ত কুষ্টিয়া এলাকাস্থ কুষ্টিয়া ডিআরএস (১০০%) ও ভোলা এলাকাস্থ ভোলা ডিআরএস (৭০%) রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।

খ) এছাড়া, এনডব্লিউপিজিসিএল-এর ভেড়ামারাস্থ ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং পিডিবি-এর ভোলা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে যথাক্রমে ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি আরএমএস ও

ভোলা ২২৫ মেঃওঃ সিসিপিপি আরএমএস রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম এসজিসিএল-এর নিজস্ব জনবলের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।

### পাইপলাইন ও ভাল্‌ভ পিট মেরামত:

এসজিসিএল-এর অধিকারভুক্ত এলাকায় স্থাপিত বিতরণ ও সার্ভিস পাইপলাইন এবং পাইপলাইনে অবস্থিত ভাল্‌ভ পিটসমূহের বার্ষিক রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।

### ভোলাস্থ আঞ্চলিক বিপণন কার্যালয়ের অফিস ভবন সংস্কার এবং প্রধান ফটক নির্মাণ:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ভোলাস্থ আঞ্চলিক বিপণন কার্যালয়ের অফিস ভবনে বিভিন্ন সভা আয়োজনের জন্য উক্ত আবিকা ভবনে সভা কক্ষ ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থাদির সংস্থান রেখে ভোলার জরাজীর্ণ আবিকা অফিস ভবন রি-ফার্বিসিংকরণ ছাড়াও ভবন এলাকার প্রয়োজনীয় সংস্কার করা হয়। এছাড়াও সিকিউরিটি পোস্টসহ অফিসের প্রধান ফটক নির্মাণ, এরিয়া লাইটিংসহ অন্যান্য ইলেকট্রিক্যাল ও স্যানিটারি ইত্যাদি সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে।



গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ

### এমপ্লয়ি ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রস্তুতকরণ:

এসজিসিএল-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দের ব্যক্তিগত তথ্য, ছুটি, প্রশিক্ষণ, কর্ম ইতিহাস ইত্যাদি ব্যবস্থাপনার জন্য এমপ্লয়ি ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে।

## বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কার্যক্রম:

### খুলনা বিসিকে গ্যাস সরবরাহ:

খুলনা জেলার জিটিসিএল-এর আড়ংঘাটা সিজিএস অফটেক হতে এসজিসিএল-এর প্রস্তাবিত যোগীপোল ডিআরএস পর্যন্ত ১০" ব্যাস × ৩০০ পিএসআইজি চাপ × ৬.৪ কিঃমিঃ মুখ্য গ্যাস বিতরণ পাইপলাইন, ২০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ০১টি ডিআরএস এবং প্রস্তাবিত ডিআরএস হতে খুলনা বিসিক মেইন গেট পর্যন্ত ১০" ব্যাস × ১৪০ পিএসআইজি চাপ × ১.৫ কিঃমিঃ বিতরণ পাইপলাইন নির্মাণ কাজ শেষে উক্ত পাইপলাইনে ২০ আগস্ট ২০২৫ তারিখে গ্যাস কমিশনিং করা হয়েছে। বিসিক হতে শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সংযোগের আবেদন জমা পড়েছে। গ্যাস সরবরাহের অনুমতি পাওয়া গেলে খুলনা বিসিকে গ্যাস সরবরাহের মাধ্যমে কোম্পানির গ্রাহক সংখ্যা বৃদ্ধি করা সম্ভব হবে। উল্লেখ্য, এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের ১৭৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক এসজিসিএল এর অধিভুক্ত শিরোমণি বিসিক শিল্প নগরী, খুলনা-তে বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানের মধ্যে আবেদনকৃত হ্যামকো গ্রুপের ২টি সহযোগী প্রতিষ্ঠান যথাঃ আব্দুল্লাহ ব্যাটারী কোং (প্রাঃ) লিঃ এর ১টি শিল্প ও ১টি ক্যাপটিভ পাওয়ার এবং খোরশেদ মেটাল ইন্ডাস্ট্রিজ এর ১টি শিল্প ও ১টি ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে গ্যাস সরবরাহের বিষয়ে অনুমতি প্রদানের জন্য ১৩ অক্টোবর ২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়। পেট্রোবাংলা হতে সিদ্ধান্ত পাওয়া গেলে এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।



খুলনা বিসিকের গ্যাস লাইনের কমিশনিং

## রূপসা ৮০০ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহঃ

খুলনা জেলায় নর্থ-ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর অর্থায়নে নির্মিত রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং বিদ্যমান ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য নিয়োগকৃত বৈদেশিক ঠিকাদার কর্তৃক জিটিসিএল-এর খুলনাস্থ আড়ংঘাটা সিজিএস হতে বিদ্যুৎ কেন্দ্র আঙ্গিনা পর্যন্ত ১১.০৬৮ কিঃমিঃ পাইপলাইন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। গত ৩১ আগস্ট ২০২৪ তারিখে মাননীয় উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সাইট পরিদর্শনকালে "নর্থ-ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর মধ্যে সম্পাদিত Gas Supply Agreement অনুযায়ী রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের Commissioning এর জন্য আসন্ন শীতকালে (০১ নভেম্বর ২০২৪ হতে) গ্যাস সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে" মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়। সে আলোকে পেট্রোবাংলার অনুমতিক্রমে বর্ণিত বিদ্যুৎ কেন্দ্রের RMS কমিশনিং সম্পন্ন করা হয়। কিন্তু এরই মধ্যে পবিত্র রমজান মাস ও গ্রীষ্মকাল শুরু হওয়ায় দেশে গ্যাস ও বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাওয়ায় গ্যাসের অপর্যাপ্ততার কারণে বর্ণিত বিদ্যুৎ কেন্দ্র গ্যাস দ্বারা Hot Commissioning করা সম্ভব হয়নি। উল্লেখ্য, গ্যাসের প্রাপ্তি সাপেক্ষে এবং সিরাজগঞ্জ ও ভেড়ামারা-তে অবস্থিত বিদ্যুৎকেন্দ্রসমূহ রেশনিং করে চালু/বন্ধ রেখে উক্ত সময়ে বিদ্যুৎ খাতের জন্য বরাদ্দকৃত গ্যাসের মধ্যে সীমাবদ্ধ থেকে সমন্বয় করে রূপসা ৮০০ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের Hot commissioning ও Performance Test and RRT সম্পাদনের জন্য ১ অক্টোবর ২০২৫ হতে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত গ্যাস সরবরাহ করা যেতে পারে এবং ১ অক্টোবর ২০২৫ হতে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ সময়ের পর পবিত্র রমজান ও সেচ মৌসুম বিবেচনায় Hot commissioning & Performance Test and RRT এর জন্য গ্যাস সরবরাহ করা সম্ভব হবে না। বিষয়টি বিদ্যুৎ বিভাগের মাধ্যমে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-কে অবহিত করা যেতে পারে মর্মে পেট্রোবাংলা হতে জানানো হয়েছে। সে মোতাবেক বর্ণিত গ্যাস কমিশনিং কাজ সম্পাদনের নিমিত্ত এসজিসিএল ও এনডব্লিউপিজিসিএল-এর প্রতিনিধিদের সমন্বয়ে ১৬ আগস্ট ২০২৫ তারিখে একটি বাস্তবায়ন ও তদারকি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক বিদ্যুৎ কেন্দ্রের Hot commissioning ও Performance Test and RRT সম্পাদনের জন্য গ্যাস সরবরাহকল্পে নির্মিত আরএমএস পরিচালনা করার প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান।



আরএমএস রক্ষনাবেক্ষণ

## ভোলার বোরহানউদ্দিনস্থ নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিমিটেড (এনবিবিএল)-এর স্থায়ী আরএমএস ও পাইপলাইন নির্মাণপূর্বক ২২০ মেঃওঃ সিসিপিপি-তে গ্যাস সরবরাহঃ

নূতন বিদ্যুৎ (বাংলাদেশ) লিঃ (এনবিবিএল) কর্তৃক ভোলাস্থ বোরহানউদ্দিনে স্থাপিত ২২০ মেঃওঃ গ্যাস (এইচএসডি) বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্রাহক অর্থায়নে (Depository Work) ৪৮ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি আরএমএস ও ১২" DN x ৭ KM x ১০০০ psig পাইপলাইন নির্মাণের নিমিত্ত ১৫ জানুয়ারি ২০২০ তারিখে এসজিসিএল এবং মেসার্স Tormene Americana SA-JVCA-এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সম্পাদিত চুক্তি মোতাবেক কন্ট্রোল বিল্ডিং, স্থায়ী আরএমএস এবং পাইপলাইন র্নিমাণ শেষে ০৮ নভেম্বর ২০২৩ তারিখে পাইপলাইন এবং ১১ ডিসেম্বর ২০২৪ তারিখে স্থায়ী আরএমএস-এর কমিশনিং কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়া, ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে ২১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত নির্মিত আরএমএস প্ল্যান্টের গ্যারান্টি টেস্ট সম্পন্ন হয় এবং অদ্যাবধি উক্ত প্ল্যান্টের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ কার্যক্রম চলমান।



আরএমএস রক্ষনাবেক্ষণ

## ভোলা জেলায় আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড নামীয় শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহঃ

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড-এ গ্যাস সরবরাহের জন্য গ্রাহকের অর্থায়নে এসজিসিএল-এর আওতাধীন ভেঞ্চার ডিআরএস মডিফিকেশন এবং সেখান থেকে গ্রাহক আঙিনা পর্যন্ত ১০ ইঞ্চি ব্যাস × ১৪০ পিএসআইজি × ২.৬ কিঃ মিঃ গ্যাস পাইপলাইন নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ১.৪ শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠান রয়েল ইউটিলাইজেশন সার্ভিসেস (প্রাঃ) লিঃ-কে নিয়োগ প্রদান করা হয়েছে। তবে মেসার্স আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড কর্তৃক স্থাপিতব্য শিল্প প্রতিষ্ঠান সংলগ্ন এলাকায় নতুন শিল্প প্রতিষ্ঠান (প্রাণ-আরএফএল গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান মাল্টিলাইন ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং বঙ্গ বিল্ডিং ম্যাটারিয়ালস লিমিটেড) স্থাপনের জন্য গ্যাস সংযোগের আবেদন পাওয়া গিয়েছে, যার গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ইতোমধ্যে নীতিগত অনুমোদন পাওয়া যায়। তাই বর্ণিত প্রেক্ষাপটে আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেডসহ অত্র এলাকার ভবিষ্যৎ গ্যাস চাহিদা বিবেচনায় গ্রাহক আবেদনের পরিপ্রেক্ষিতে গ্রাহক অর্থায়নে এবং এসজিসিএল-এর তত্ত্বাবধানে ভেঞ্চার আরএমএস-এর ইনলেট পয়েন্ট হতে ২০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি ডিআরএস (১০০০-৩০০-১৪০ পিএসআইজি) এবং উক্ত ডিআরএস-এর আউটলেট পয়েন্ট হতে গ্রাহক আঙিনা পর্যন্ত ১০ ইঞ্চি ব্যাস × ১৪০ পিএসআইজি চাপ × ২.২ কিলোমিটার (আনুমানিক) পাইপলাইন নির্মাণ ও Horizontal Directional Drilling (HDD) পদ্ধতিতে ১৬ ইঞ্চি ব্যাস × ১৪০ পিএসআইজি চাপ × ৩৫০ মিটার (প্রায়) নদী ক্রসিং কাজ বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। এছাড়া, বর্ণিত প্রেক্ষাপটে গ্যাস পাইপলাইন স্থাপনের জন্য বিভিন্ন দপ্তর হতে প্রয়োজনীয় অনুমোদন প্রাপ্তি এবং মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করে গ্যাস সংযোগ গ্রহণ করার জন্য এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের মেয়াদ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত বৃদ্ধির লক্ষ্যে কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণের জন্য এতৎসংশ্লিষ্ট প্রস্তাব উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

## ভোলা এলাকায় বিতরণ নেটওয়ার্কে অবস্থিত গ্রাহকের রাইজারসমূহে গ্যাস লিকেজ/ ছিদ্র শনাক্তকরণ এবং মেরামতকরণঃ

ভোলা এলাকায় বিতরণ নেটওয়ার্ক-এ অবস্থিত আবাসিক শ্রেণির গ্রাহকের রাইজারসমূহে পোর্টেবল গ্যাস ডিটেক্টরের মাধ্যমে গ্যাস লিকেজ/ ছিদ্র শনাক্তকরণ এবং তা তাৎক্ষণিকভাবে মেরামতকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক নিয়মিত গ্রাহকের আঙিনা পরিদর্শনপূর্বক গ্যাস লিকেজ/ ছিদ্র শনাক্তকরণ এবং তা মেরামত করা হচ্ছে।





লিকেজ মেরামত

## গৃহীতব্য ভবিষ্যৎ উন্নয়ন কার্যক্রম:

### যশোর জেলায় রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় গ্যাস সরবরাহ:

বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) কর্তৃক যশোর জেলাস্থ অভয়নগর উপজেলার ভবদহ এলাকায় যশোর রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা (ইপিজেড)-এ গ্যাস সংযোগের জন্য ৩৫ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন ০১টি ডিআরএস ও প্রয়োজনীয় পাইপলাইনসহ ইপিজেড-এর অভ্যন্তরীণ নেটওয়ার্ক স্থাপনের জন্য এসজিসিএল-কে অনুরোধ জানানো হয়। সে মোতাবেক পেট্রোবাংলা কর্তৃক ২৭ মার্চ ২০২৫ তারিখে জিটিসিএল-এর আওতায় বিদ্যমান যশোর টিবিএস-এর অফটেক হতে প্রস্তাবিত যশোর ইপিজেড পর্যন্ত গ্যাস অবকাঠামো নির্মাণের সম্মতি প্রদান করা হয়। পরবর্তীতে কারিগরি ও আর্থিক দিক বিবেচনায় জিটিসিএল-এর আওতায় বিদ্যমান যশোর টিবিএস-এর অফটেক ব্যবহারের পরিবর্তে যশোর জেলার অভয়নগর উপজেলায় জিটিসিএল-এর ভাল্ব স্টেশনের অফটেক ব্যবহার করে উক্ত অফটেক হতে অফটেক সংলগ্ন এসজিসিএল-এর নিজস্ব জায়গায় ১টি টিবিএস স্থাপনসহ যশোর রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা পর্যন্ত প্রয়োজনীয় গ্যাস বিতরণ অবকাঠামো ও ১টি ডিআরএস নির্মাণের জন্য পুনরায় পেট্রোবাংলার অনুমতি/সম্মতি কামনা করে এসজিসিএল হতে ০৭ মে ২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়। পেট্রোবাংলা কর্তৃক এতদবিষয়ে প্রতিবেদন প্রণয়নের জন্য এসজিসিএল, জিটিসিএল ও বেপজা প্রতিনিধিদের সমন্বয়ে ০৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে একটি কমিটি গঠন করা হয়, যার কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কমিটির প্রতিবেদনের প্রেক্ষিতে পেট্রোবাংলা হতে সিদ্ধান্ত পাওয়া গেলে পরবর্তীতে এতদবিষয়ে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে।

### গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমে বিনিয়োগের সুযোগ:

কোম্পানির ভবিষ্যৎ প্রবৃদ্ধি ও কার্যক্রমের টেকসই উন্নয়নের লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন (R&D) কার্যক্রমে বিনিয়োগের সুযোগ সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হবে। এর মাধ্যমে গ্যাস বিতরণ ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি, মিথেন নিঃসরণ হ্রাস, অপারেশনাল ক্ষতি কমানো এবং উদ্ভাবনী প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সামগ্রিক কর্মক্ষমতা উন্নয়নের সম্ভাবনা সৃষ্টি হবে। কোম্পানি বিশ্বাস করে যে, এই ধরনের বিনিয়োগ দীর্ঘমেয়াদে প্রতিষ্ঠানটির কার্যকারিতা, সেবা মান এবং আর্থিক স্থিতিশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## অপারেশনাল কার্যক্রম:

### গ্যাস বিতরণ পাইপলাইনের লিকেজ শনাক্ত ও মেরামতকরণ:

২০২৪-২০২৫ অর্থবছরে পেট্রোবাংলার সাথে স্বাক্ষরিত সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে "পাইপলাইনের ছিদ্র জরিপ ও মেরামত" শীর্ষক কার্যক্রমের আওতায় গ্যাস সঞ্চালন পাইপলাইনের ছিদ্র জরিপ ও মেরামতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৩৩ কিঃমিঃ। উক্ত কার্যক্রমের আওতায় এসজিসিএল কর্তৃক সংশ্লিষ্ট ঠিকাদার নিয়োগ করে ভোলা এলাকায় ৩৩ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপলাইনের লিকেজ শনাক্তকরণের জন্য DCVG/CAT with 'A' Frame Survey-এর মাধ্যমে পাইপলাইনের কোটিং র‍্যাপিংজনিত ত্রুটি নির্ণয়সহ Laser Methane Detector-এর মাধ্যমে পাইপলাইনের গ্যাস লিকেজ শনাক্তকরণ সার্ভে কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত সার্ভে কার্যক্রম সমাপনান্তে বর্ণিত পাইপলাইনে কোনো লিকেজ পাওয়া যায়নি।

## জনবল, মানবসম্পদ উন্নয়ন ও গ্রাহকসেবা কার্যক্রম:

### জনবল:

কোম্পানির বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ২১৭ জন কর্মকর্তা ও ২৮ জন কর্মচারীর সংস্থান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানিতে স্থায়ী পদের বিপরীতে ৬৭ জন ও প্রেষণে ৭ জনসহ মোট ৭৪ জন কর্মকর্তা এবং কোম্পানির ১৪ জন ও প্রেষণে ২ জনসহ মোট ১৬ জন কর্মচারী নিয়োজিত ছিলেন। এছাড়া, কোম্পানিতে আউটসোর্সিং ভিত্তিতে ১৪৯ জন ও দৈনিক ভিত্তিতে ০৮ জন নিয়োজিত ছিলেন। কোম্পানির স্থায়ী কর্মকর্তাগণের মধ্যে ০১ জন মহাব্যবস্থাপক পদমর্যাদার কর্মকর্তা কেজিডিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক পদে চলতি দায়িত্বে কর্মরত এবং ০১ জন সহকারী ব্যবস্থাপক ও ০১ জন সহকারী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তা পেট্রোবাংলায় প্রেষণে কর্মরত আছেন। উল্লেখ্য ২৩ নভেম্বর ২০২৫ তারিখে কোম্পানিতে নতুন ২৭ জন কর্মকর্তা যোগদান করায় বর্তমানে কোম্পানিতে স্থায়ী পদে প্রেষণসহ ১০১ জন কর্মকর্তা এবং প্রেষণে কর্মরত ১ জন কর্মচারী মূল কোম্পানিতে ফেরত যাওয়ায় ১৫ জন কর্মচারী অর্থাৎ মোট ১১৬ জন কর্মকর্তা-কর্মচারী কর্মরত আছেন।

### নিয়োগ:

কোম্পানিতে নিয়োগ সংক্রান্ত বিষয়ে কেন্দ্রীয়ভাবে পেট্রোবাংলার মাধ্যমে বিভিন্ন পদে কর্মকর্তা নিয়েগের চাহিদার পরিপ্রেক্ষিতে পেট্রোবাংলা কর্তৃক পেরিত ক্যাডারভিত্তিক মনোনীত প্রার্থীদের মধ্যে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নের পর ৩০ জন প্রার্থীকে নিয়োগপত্র প্রদানের বিপরীতে প্রশাসন ক্যাডারের সহকারী ব্যবস্থাপক (সাধারণ) পদে ৩ জন ও সহকারী সমন্বয় কর্মকর্তা পদে ২ জন; অর্থ ক্যাডারের সহকারী ব্যবস্থাপক (অর্থ) পদে ৫ জন ও সহকারী কর্মকর্তা (হিসাব/রাজস্ব) পদে ৭ জন এবং কারিগরি ক্যাডারের সহকারী প্রকৌশলী (সিভিল/সিএসই/পেট্রোলিয়াম) পদে ৫ জন ও উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল/কেমিক্যাল/পাওয়ার) পদে ৫ জন কর্মকর্তা অর্থাৎ মোট ২৭ জন কর্মকর্তা ২৩ নভেম্বর ২০২৫ তারিখে কোম্পানিতে যোগদান করেছেন।

## পদোন্নতি:

২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির বিভিন্ন ক্যাডারের বিভিন্ন গ্রেডের মোট ১২ (বারো) জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। তন্মধ্যে কারিগরি ক্যাডারের ০১ (এক) জন কর্মকর্তাকে ৪র্থ গ্রেডে হতে ৩য় গ্রেডে (মহাব্যবস্থাপক পদমর্যাদায়) পদোন্নতি প্রদান করা হয়েছে। প্রশাসন ক্যাডারের ০১ (এক) জন, অর্থ ক্যাডারের ০১ (এক) জন এবং কারিগরি ক্যাডারের ০১ (এক) জনসহ মোট ০৩ (তিন) জন কর্মকর্তাকে ৫ম গ্রেড হতে ৪র্থ গ্রেডে (উপমহাব্যবস্থাপক পদমর্যাদায়) পদোন্নতি প্রদান করা হয়েছে। প্রশাসন ক্যাডারের ০২ (দুই) জন, অর্থ ক্যাডারের ০১ (এক) জন এবং কারিগরি ক্যাডারের ০৫ (পাঁচ) জনসহ মোট ০৮ (আট) জন কর্মকর্তাকে ৬ষ্ঠ গ্রেড হতে ৫ম গ্রেডে (ব্যবস্থাপক পদমর্যাদায়) পদোন্নতি প্রদান করা হয়েছে।

## প্রশিক্ষণ:

### স্থানীয় প্রশিক্ষণ:

স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ২০২৪-২০২৫ অর্থবছরে দেশের অভ্যন্তরে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের পেট্রোবাংলা, জ্বাখসবি, অর্থ বিভাগ, বিপিআই, বিআইএম, বিইআরসি, বিএসডিএ, আইসিএমএবিসহ অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে বিভিন্ন শিরোনামে সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে দেশের অভ্যন্তরে সশরীরে ও অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত মোট ৬৬টি সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণে কোম্পানি হতে মোট ৬৯১ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।

### বৈদেশিক প্রশিক্ষণ:

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৪ জুলাই ২০২৪ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৫ নম্বর পরিপত্রের নির্দেশনার আলোকে কোম্পানির তহবিল হতে কোনো কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণ করা হয়নি।

## সেবা প্রদান প্রতিশ্রুতি:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত পরিবীক্ষণ কমিটির মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও তা দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন এবং কোম্পানির সকল অংশীজনের সমন্বয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা:

এসজিসিএল কর্তৃক প্রদত্ত সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অভিযোগ গ্রহণ ও তার প্রতিকার ব্যবস্থা সহজতর করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বা GRS (Grievance Redress System) সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ অনুযায়ী অনলাইন ও অফলাইনে লিখিত এবং বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে কোম্পানিতে একজন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং একজন বিকল্প কর্মকর্তা নিযুক্ত আছেন। এসজিসিএল-এ ২০২৪-২০২৫ অর্থবছরে মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা ৩টি। তন্মধ্যে ৩টি অভিযোগই নিষ্পত্তি করা হয়েছে। কোম্পানির তথ্য বাতায়নে নিয়মিতভাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা হয়ে থাকে।

## ইনোভেশন:

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, সুশাসন সংহতকরণ, দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নসহ ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে আলোকে সরকারি নির্দেশনা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রতি বছরে মাঠ পর্যায়ের অফিসের জন্য প্রণীত গাইডলাইন অনুযায়ী অত্র কোম্পানি কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় এসজিসিএল-এর গ্যাস ডিস্ট্রিবিউশন ও সঞ্চালন পাইপলাইন ও রাইজারের লিকেজ ম্যানেজমেন্ট ব্যবস্থা সহজিকরণ করার লক্ষ্যে একটি ওয়েবেবেজড অ্যাপ্লিকেশন সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে।

## তথ্য অধিকার:

তথ্য অধিকার নাগরিকের আইনগত অধিকার। প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করে প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কোম্পানির তথ্য অধিকার কর্মপরিকল্পনার আওতায় বিভিন্ন কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে। তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ১০ অনুযায়ী কোম্পানির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম, পদবি, ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল আইডি এসজিসিএল-এর তথ্য বাতায়নে হালনাগাদ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ব্যক্তি শ্রেণি কর্তৃক নির্ধারিত ফর্মে কোনো 'তথ্য প্রাপ্তির আবেদন' পাওয়া যায়নি। তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারপত্র বিলি এবং কোম্পানির প্রশাসন ডিভিশনের মাধ্যমে তথ্য অধিকার সংক্রান্ত ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নির্ধারিত কর্মশালা কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া, নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে এবং উল্লিখিত সকল কার্যক্রমের ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রমাণকসহ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

## সামাজিক কার্যক্রম:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর প্রাতিষ্ঠানিকভাবে সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) নীতিমালা বিদ্যমান আছে। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পূর্ব থেকেই সামাজিক দায়িত্ব পালনের বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করে আসছে। কোম্পানির রাজস্ব বাজেটের আওতায় সিএসআর খাতে অর্থের সংস্থান রেখে বিভিন্ন দুস্থ ও অসহায় পরিবার/ ব্যক্তি/প্রতিষ্ঠান-কে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) নীতিমালা, ২০১৯-এর আলোকে সাহায্য সহযোগিতা প্রদান করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটে এসজিসিএল-এর সিএসআর ফান্ডে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ ছিল। উক্ত অর্থবছরে এসজিসিএল-এর সিএসআর ফান্ডে বরাদ্দকৃত অর্থ হতে ০৬ (ছয়) জন ব্যক্তি ও ০১ (এক)টি প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া, বাজেটে অর্থের সংস্থান রেখে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী ও ক্রীড়া প্রতিষ্ঠানের ক্রোড়পত্র ও প্রকাশনায় কোম্পানির বিজ্ঞাপন/আর্থিক সহায়তার মাধ্যমে এসজিসিএল সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

## স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত ভারসাম্য সংরক্ষণ:

### নিরাপত্তা ব্যবস্থা:

এসজিসিএল-এর আওতাধীন গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ যথাঃ ডিআরএস, আরএমএস, ভাড়াকৃত নওয়াপাড়াস্থ বেঙ্গল টেক্সটাইলের গুদামসমূহ, আফিল গেটের পাইপ ইয়ার্ড, আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা, রেস্ট হাউজ ও খুলনাস্থ প্রধান কার্যালয়ে নিজস্ব ব্যবস্থাপনায় আউটসোর্সিং প্রক্রিয়ায় নিয়োজিত নিরাপত্তা কর্মীদের দ্বারা নিরাপত্তা নিশ্চিত করা হচ্ছে। কোম্পানির প্রধান কার্যালয়, আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা, ভেড়ামারা ৪১০ মেঃওঃ আরএমএস, নওয়াপাড়ার বেঙ্গল টেক্সটাইল মিলস-এর ভাড়াকৃত গুদামসমূহ, আফিল গেইট পাইপ ইয়ার্ড ও খুলনাস্থ রেস্ট হাউজে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এছাড়া, কোম্পানির বিভিন্ন স্থাপনায় জরুরি অগ্নিনির্বাপণ ব্যবস্থার জন্য ফায়ার এক্সটিংগুয়েশার স্থাপন করা হয়েছে।

## পরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম:

Environment and Safety বিষয়ক বিধি-বিধান মেনে কোম্পানির অপারেশনাল ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করা হচ্ছে। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধির প্রয়াস অব্যাহত আছে। প্রযোজ্য ক্ষেত্রে নিরাপদ কাজের নীতি মেনে চলায় ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানিতে পরিবেশগত ও অপারেশনাল কোনো দুর্ঘটনা ঘটেনি। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র সংগ্রহ করা হয় এবং ছাড়পত্রের শর্তাবলি মেনে চলা হয়। পরিবেশের ভারসাম্য রক্ষার্থে কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিপণন কার্যালয়ে বিভিন্ন ধরনের গাছের চারা রোপণ এবং তাদের পরিচর্যা অব্যাহত আছে। উল্লেখ্য, সম্প্রতি কোম্পানির




বৃক্ষরোপন কর্মসূচি

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে এসজিসিএল-এর খুলনা ডিআরএস প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। এ কর্মসূচিতে কোম্পানির সকল মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক অংশগ্রহণ করেন।

## জাতীয় দিবস উদযাপন:

## জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা:

২০২৪ সালে ছাত্র-জনতার অভ্যুত্থানের সময় সংঘটিত জুলাই গণহত্যায় শহীদ হওয়া ব্যক্তিদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনপূর্বক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) কর্তৃক ১৬ জুলাই ২০২৫ তারিখে "জুলাই শহিদ দিবস" যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক আয়োজিত জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫ এ জুলাই বিপ্লবে জীবন উৎসর্গকারী বীর শহীদদের মধ্যে ১৬ জন শহীদ পরিবারের সদস্য ও আহত একজন জুলাই যোদ্ধার হাতে বিপিসি এবং পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের পক্ষ থেকে প্রত্যেককে এক লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়। উক্ত অনুষ্ঠানে এসজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জুলাই শহিদ একটি পরিবারকে সম্মাননার চেক হস্তান্তর করেন।



জুলাই যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন

৫ আগস্ট'২০২৫ জুলাই গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষ্যে এসজিসিএল কর্তৃক গৃহীত কর্মসূচির আওতায় খুলনাস্থ শিববাড়িতে স্মৃতিস্তম্ভে ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় এবং কোম্পানির খুলনাস্থ প্রধান কার্যালয়ের কনফারেন্স কক্ষে দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভা আয়োজন করা হয়। এছাড়া, ২০২৪ সালে ছাত্র-জনতার জুলাই গণ-অভ্যুত্থান স্মরণে জুলাই পুনর্জাগরণ পালনের নিমিত্ত জুলাই বিপ্লবের নির্বাচিত কিছু ছবি নিয়ে ব্যানার এবং প্রামাণ্যচিত্র প্রদর্শনের জন্য ডিজিটাল ডিসপ্লে বোর্ড সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর প্রধান কার্যালয়ের ভবনের সামনে স্থাপন করা হয়েছে। জুলাই গণ-অভ্যুত্থানের শহীদদের স্মরণে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে এসজিসিএল-এর খুলনা ডিআরএস প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। এ কর্মসূচিতে কোম্পানির সকল মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক অংশগ্রহণ করেন।

## ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস:

মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে কোম্পানির প্রধান কার্যালয়, খুলনা এবং আঞ্চলিক বিপণন কার্যালয়সমূহে বিধি মোতাবেক জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ দিবস উপলক্ষ্যে জেলা প্রশাসনের কর্মসূচির সাথে সম্পৃক্ত হয়ে গল্লামারী শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া, আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা ও কুষ্টিয়ায় স্থানীয় প্রশাসনের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযথ মর্যাদায় দিবসটি পালন করা হয়।



মহান বিজয় দিবস উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ

## ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস:

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে কোম্পানির প্রধান কার্যালয়, খুলনা এবং আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা ও কুষ্টিয়ায় বিধি মোতাবেক জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং খুলনাস্থ শহিদ হাদিস পার্কের কেন্দ্রীয় শহিদ মিনারে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এছাড়া, আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা ও কুষ্টিয়ায় স্থানীয় প্রশাসনের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযথ মর্যাদায় দিবসটি পালন করা হয়।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

## ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস:

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৫ উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে কোম্পানির প্রধান কার্যালয়, খুলনা এবং আঞ্চলিক বিপণন কার্যালয়সমূহে বিধি মোতাবেক জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ দিবস উপলক্ষ্যে জেলা প্রশাসনের কর্মসূচির সাথে সম্পৃক্ত হয়ে গল্লামারী শহিদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া, আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা ও কুষ্টিয়ায় স্থানীয় প্রশাসনের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযথ মর্যাদায় দিবসটি পালন করা হয়।

এসজিসিএল অন্যান্য জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে সরকারি নির্দেশনা অনুযায়ী পালন করে থাকে। এ সকল কর্মসূচি পালন কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে দেশপ্রেম জাগ্রত করতে বিশেষ ভূমিকা রাখছে।



মহান স্বাধীনতা দিবস উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ

## কল্যাণমূলক কার্যক্রম:

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এ পর্যায়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য গৃহীত কল্যাণধর্মী কার্যক্রমের উপর আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণমূলক কার্যক্রমের অংশ হিসেবে গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ, মোটর সাইকেল ক্রয় ঋণ, কল্যাণ তহবিল এবং গোষ্ঠীবীমা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, অবসর গ্রহণকারী কর্মকর্তাদের জন্য আনুতোষিক তহবিল ট্রাস্ট গঠন করা হয়েছে। ফলশ্রুতিতে কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্পৃহা বৃদ্ধিসহ দায়িত্বজ্ঞান ও কার্যসম্পাদন ত্বরান্বিত হচ্ছে।

## ভবিষ্যৎ চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়:

### ক) গ্যাস সরবরাহে বৈচিত্র্য আনয়ন:

এসজিসিএল কর্তৃক প্রায় ৯৫ শতাংশ গ্যাস বিদ্যুৎ কেন্দ্রসমূহে সরবরাহ করা হয়ে থাকে এবং বিদ্যুৎ কেন্দ্র ব্যতীত এসজিসিএল-এর অন্যান্য গ্রাহক সংখ্যা অত্যন্ত নগণ্য। সেক্ষেত্রে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের বিভিন্ন জেলার বিসিক ও অন্যান্য পরিকল্পিত শিল্প অঞ্চলে বিদ্যমান/প্রস্তাবিত নতুন শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হলে কোম্পানির রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

### খ) এসজিসিএল-এর উপর Liquidated Damages (LD) আরোপিত হওয়া:

এসজিসিএল ও এনডব্লিউপিজিসিএল-এর মধ্যে স্বাক্ষরিত GSA অনুযায়ী আগামী ০১ জানুয়ারি ২০২৭ তারিখ হতে রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি-তে চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব না হলে এসজিসিএল-এর উপর Liquidated Damages (LD) আরোপের বিধান রয়েছে। কিন্তু উৎসে গ্যাস প্রাপ্যতা নিশ্চিতকরণের বিষয়টি এসজিসিএল-এর এখতিয়ারভুক্ত নয়। তাই ০১ জানুয়ারি ২০২৭ তারিখে রূপসা ৮০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের বিষয়টি GSA বাস্তবায়নের পূর্বশর্ত (Condition Precedent) হওয়ায় উক্ত শর্ত পূরণ না হলে GSA-টির বাস্তবায়ন/প্রতিপালন করা সম্ভব নয়। বর্ণিত প্রেক্ষাপটে এসজিসিএল-এর পরিচালনা পর্ষদের ১৬৬তম সভার সিদ্ধান্তের আলোকে GSA-টির বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণে পরামর্শ/দিকনির্দেশনা প্রদানের জন্য ১২ মার্চ ২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে, কিন্তু কোন দিকনির্দেশনা না পাওয়ায় এ বিষয়ে পরামর্শ/দিকনির্দেশনা প্রদানের জন্য এসজিসিএল কর্তৃক ১৭ আগষ্ট ২০২৫ তারিখে পুনরায় পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, পেট্রোবাংলার আওতাধীন গ্যাস বিতরণ কোম্পানিসমূহের অধিক্ষেত্রাধীন এলাকায় বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা; GSA স্বাক্ষরিত নির্মাণাধীন নতুন বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহ পরিকল্পনা এবং বর্ধিত মেয়াদে চুক্তিকালীন গ্যাস সরবরাহের জন্য আবেদিত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের বিষয় পর্যালোচনার লক্ষ্যে ০৮ অক্টোবর ২০২৫ তারিখে পেট্রোবাংলায় একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য রূপসা ৮০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য স্বাক্ষরিত GSA নিয়ে আলোচনা করা হয়। উক্ত আলোচনা অনুযায়ী পেট্রোবাংলা হতে সিদ্ধান্ত পাওয়া গেলে এতদবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

### গ) এসজিসিএল-এর নিজস্ব প্রধান কার্যালয় ভবন নির্মাণ:

এসজিসিএল কর্তৃক বর্তমানে খুলনা শহরে ভাড়াকৃত ০২ (দুই)টি ভবনের মাধ্যমে যাবতীয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে, যাতে কোম্পানিতে বর্তমানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সংস্থান করা দুরূহ হয়ে পড়েছে। এছাড়াও, নতুন নিয়োগকৃত কর্মকর্তাগণ যোগদান করলে এই ০২ (দুই)টি ভবনে তাদের বসার সংকুলান করা সম্ভব হবে না। তাই, খুলনা জেলায় এসজিসিএল-এর অধিগ্রহণকৃত ৬৫.২২ শতাংশ জায়গায় নিজস্ব প্রধান কার্যালয় ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন হয়ে পড়েছে।

### ঘ) এসজিসিএল-এর ভান্ডারে রক্ষিত পাইপলাইন ও ফিটিংস ব্যবহারকরণ:

এসজিসিএল-এর আওতাধীন দক্ষিণ পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত বিপুল পরিমাণ বিভিন্ন ব্যাসের লাইনপাইপ, ভালভ, মিটার, রেগুলেটর, টেপ, প্রাইমার ইত্যাদি কোম্পানির ভান্ডারে মজুত রয়েছে। বর্ণিত মালামাল সম্পূর্ণরূপে ব্যবহার করা সম্ভব না হওয়ায় এসজিসিএল-এর জন্য তারল্য সংকট তৈরি হয়েছে।

### ঙ) বিদ্যুৎ গ্রাহকের নিকট গ্যাস বিল বাবদ বকেয়া বৃদ্ধি পাওয়ায় কোম্পানির তারল্য সংকট সৃষ্টি:

এসজিসিএল কর্তৃক প্রায় ৯৫ শতাংশ গ্যাস বিদ্যুৎ কেন্দ্রসমূহে সরবরাহ করা হয়ে থাকে। বিদ্যুৎ গ্রাহকদের মাসিক বিল পরিশোধ করতে প্রায় ১০ মাস সময় লাগে। যে কারণে এসজিসিএল বর্তমানে গুরুতর তারল্য সংকটের সম্মুখীন হচ্ছে। বিদ্যুৎ গ্রাহকদের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে বকেয়া বিল আদায়ের উদ্যোগ নেওয়া হয়েছে, পাশাপাশি পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে বৈঠকের আয়োজন করা হয়েছে। এই প্রচেষ্টা অব্যাহত থাকলে নিয়মিত বকেয়া আদায় নিশ্চিত করে কোম্পানির তারল্য সংকট দূর করা সম্ভব হবে।

### চ) খুলনা বিসিকে গ্যাস সরবরাহ:

খুলনা জেলার জিটিসিএল-এর আড়ংঘাটা সিজিএস অফটেক হতে বিতরণ পাইপলাইন ও ডিআরএস নির্মাণ কাজ সম্পন্ন করে ২০ আগস্ট ২০২৫ তারিখে গ্যাস কমিশনিং করা হয়। খুলনা বিসিক হতে বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সংযোগ প্রদানের জন্য আবেদনপত্র পাওয়া গিয়েছে। গ্যাস কমিশনিং পরবর্তী পেট্রোবাংলা কর্তৃক গ্যাস সরবরাহের অনুমতি পাওয়া গেলে খুলনা বিসিকে গ্যাস সরবরাহের মাধ্যমে কোম্পানির গ্রাহক সংখ্যা বৃদ্ধি করা সম্ভব হবে।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর সাফল্যের সামগ্রিক কর্মপরিকল্পনা ও পরিচালনায় সহায়তার জন্য পরিচালনা পর্ষদের পক্ষ হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, পেট্রোবাংলা ও এর অধীনস্থ সকল কোম্পানি, উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ এবং সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এছাড়া, কোম্পানির সার্বিক উন্নয়নে ভূমিকা পালনের জন্য এসজিসিএল-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর ১৬তম বার্ষিক সাধারণ সভায় যোগদান করে ধৈর্য সহকারে ২০২৪-২০২৫ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের উপর প্রণীত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন শোনার জন্য আমি উপস্থিত সবাইকে পুনরায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এ পর্যায়ে আমি কোম্পানির ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাবসহ নিরীক্ষা প্রতিবেদন ও পরিচালকমণ্ডলীর প্রতিবেদন বিবেচনা ও গ্রহণের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণের সমীপে পেশ করছি।

পরিশেষে আমি সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করছি। মহান আল্লাহ রাব্বুল আলামিন আমাদের সহায় হোন।

**(মোঃ আমিন উল আহসান)**

চেয়ারম্যান

এসজিসিএল পরিচালনা পর্ষদ

# BOARD OF DIRECTORS' REPORT

Bismillahir Rahmanir Rahim

**Honourable Shareholders,**

Assalamu Alaikum.

At the beginning of presenting the Board of Directors' report on the overall activities of the company for the fiscal year 2024–2025 at the 16th Annual General Meeting of Sundarban Gas Company Limited (SGCL), I would like to extend a warm welcome to all on behalf of the Board of Directors of SGCL.

## Distinguished Shareholders,

Natural gas is the main driving force behind national progress and economic prosperity. The importance of natural gas is immense in ensuring poverty alleviation, industrialization and overall economic development of the country. Sundarban Gas Company Limited (SGCL) was formed on November 23, 2009 to accelerate socio-economic development of the country through the supply of natural gas. Total 21 districts including the districts of Khulna division, Barisal division and Faridpur, Gopalganj, Madaripur, Shariatpur and Rajbari districts of Dhaka division are franchise areas of this company. The company is responsible for constructing gas distribution pipelines, providing gas connections to customers and providing post-connection services in its franchise areas. The authorized capital of the company is 300 (three hundred) crores of taka and the paid-up capital is currently 100 (one hundred) crores of taka. The current number of shares of the company is 1 (one) crore and the value of each share is 100 (one hundred) taka. The Memorandum and Articles of Association of the company include 7 officers including chairman, directors and secretary of Petrobangla as subscribers and a total of 7 (seven) shares are allotted in their name and the remaining 99,99,993 (ninety nine lakh ninety nine thousand nine hundred and ninety three) shares are allotted in the name of the representative chairman of Petrobangla.

I am happy to announce that in the financial year 2024-2025, the total revenue earned by the company including gas sales and other operational income is Tk 1899.85 crore and the total expenditure is Tk 1668.14 crore. The company has been able to earn pre-tax profit of Tk 253.45 crore in the said financial year. A total of Tk 59.40 crore has been deposited in the state treasury including Tk 12.00 crore as dividend from earned profit and Tk 47.40 crore as income tax. In addition, Tk 59.13 crore as income tax deducted at source and Tk 1.13 crore as



SGCL15th Annual General Meeting

VAT deducted at source from the supplier's bill have been deposited into the government treasury. The company has been playing a positive role in the socio-economic development of the country by achieving the desired success in the overall affairs along with increasing the marketing and revenue activities of the company under the proper management of the authorities and it is expected that this trend of success will continue in the future.

## Distinguished Shareholders,

Now I present the report of the Board of Directors on the marketing, financial and operational activities of the company during the financial year 2024-2025 for your kind information.

## Marketing Activities

### Gas connection

With the approval of the competent authorities, gas connections were provided to one industrial category in Kushtia area and one industrial category in Bhola area during the fiscal year 2024-2025. In addition, gas connections were provided in Bhola to one industry (Bhola's non-pipe gas) and one captive power category (Bhola's non-pipe gas). At present, the total number of customers of power, industry, captive power, industry (non-pipe gas of Bhola), captive power (non-pipe gas of Bhola), commercial and household categories in Bhola and Kushtia areas of the company is 2396. It is to be noted that, as per government directives, new gas connections and load increases in the residential category have been suspended since 15 January, 2020.

### Purchase of gas

The company has purchased 1064.72 million cubic meters of gas against the target of 1116.00 million cubic meters of gas in the financial year 2024-2025 of which 702.86 million cubic meters from state-owned Shahbazpur gas field of Bapex located in Bhola and 361.86 million cubic meters from national gas grid.

### Gas Sales

Distinguished Shareholders, during the financial year 2024-2025, Sundarban Gas Company Limited supplied gas to power, industry, commercial, domestic, captive and industrial & captive (Non-pipe Bhola) customers through transmission and distribution network at Bhola and to industrial customer & captive customer of regional distribution office, Kushtia and Bheramara 410 MW Power Plant from national grid. A comparative description of gas sales and sales revenue of the company for the financial year 2024-2025 and 2023-2024 is stated below:

| Customer category | 2024-2025 | | 2023-2024 | |
|---|---|---|---|---|
| | (Amount) (MMCM) | Sales Price (Lac Taka) | (Amount) (MMCM) | Sales Price (Lac Taka) |
| Power | 1025.010 | 158876.622 | 850.198 | 123273.530 |
| Industry | 25.557 | 7667.045 | 29.025 | 8707.513 |
| Captive | 14.492 | 4564.883 | 16.098 | 4896.939 |
| Commercial (Hotel & Restaurant) | 0.024 | 7.381 | 0.029 | 8.727 |
| Domestic | 4.790 | 862.202 | 4.795 | 862.837 |
| Industry (Non Pipe Bhola) | 7.196 | 1223.340 | 0.817 | 138.902 |
| Captive (Non Pipe Bhola) | 0.645 | 109.700 | | |
| **Total=** | **1077.714** | **173311.173** | **900.962** | **137888.448** |

## Other Operational Income

In the financial year 2024-2025, the company earned Tk 16,673.99 lac from connection fees, commissioning fees, surcharges, meter rent, demand charges, and heating value, compared to Tk 10,687.768 lac in the financial year 2023-2024.

## Gas disconnection and reconnection activities

Bhola district affiliated to Sundarban Gas Company Limited has gas connections in residential, commercial, industrial, captive power and power categories. Besides, there are industrial, captive power and power category gas connections in Kushtia. It has already been confirmed that Bhola and Kushtia area has no illegal customer under the gas pipe line network by visiting every customer yard in Bhola and Kushtia area affiliated to SGCL. However, under the direction of Petrobangla, vigilance and taskforce teams formed at the company level for monitoring gas rigging/illegal gas connection are conducting regular inspection of customer premises and if any illegal gas pipeline construction/gas connection/gas rigging information is found, immediately actions are taken under Gas Distribution Rules, 2014/Bangladesh Gas Act, 2010. Besides, if unauthorized appliances/stoves are found in the customer premises or if the customer defaults on the bill, the team immediately disconnects the gas connection temporarily.

During the financial year 2024-2025, the company's vigilance and taskforce teams inspected the premises of 511 residential customers. During these inspections, the connections of 1 industrial customer and 13 residential customers (a total of 14 customers) were disconnected due to outstanding bills. It is to be noted that no illegal gas connections, unauthorized pipelines, or unapproved gas appliances were detected during the inspections. Therefore, no disconnections were carried out on such grounds. The gas connections of the disconnected customers were subsequently restored in accordance with the "Gas Distribution Rules, 2014," upon collection of the applicable reconnection and disconnection fees. Furthermore, awareness campaigns are being conducted on a regular basis through miking announcements to discourage illegal gas connections and other unlawful activities.

## Financial and Revenue Activities

At this stage I am presenting the details of financial and revenue activities of the company for your information and consideration.

## Wheeling charge

Wheeling charges of 361.864 million cubic meters of gas supplied to the SGCL network in the financial year 2024-2025 through GTCL's gas transmission pipeline incurred Tk 36.91 crore. In the previous financial year, this amount was Tk 15.90 crore. In the current financial year, the amount of wheeling charges has been higher due to more gas supply from the national grid than the previous year.

## Gas Development Fund

Gas Development Fund (GDF) was formed on 1 August 2009 to increase reserves/production of companies engaged in exploration and production of gas. In this sector, an expenditure of Tk. 19.36 crore has been incurred during the fiscal year 2024–2025 as subscription payments. It was Tk 16.30 crore in the previous financial year. The contribution of SGCL to the Gas Development Fund has increased as the amount of gas purchased in the current financial year is higher than the previous year.

## Energy Security Fund

The "Energy Security Fund" has been formed for the benefit of the consumers by combining the asset price of gas with a weighted average of Tk 1.01 per cubic meter in the revised gas tariff implemented by the Bangladesh

Energy Regulatory Commission from 1 September 2015. Tk 21.59 crore was spent on this fund in the financial year 2024-2025. It was Tk 18.16 crore in the previous financial year. Expenditure under the Energy Security Fund has increased due to the higher volume of gas purchases in the current financial year.

## LNG charge

In view of the limited increase in domestic gas production and the gradual increase in gas demand, Tk 784.30 crore has been spent in the financial year 2024-2025 on LNG operational charges of RPGCL set by BERC to meet the cost of imported LNG since August 18, 2018. In the previous financial year, it was Tk 603.74 crore. Compared to the previous year, the expenditure under the LNG charge category has increased in the current financial year due to a higher volume of gas purchases.

## Petrobangla charge

Tk 7.27 crore has been spent on Petrobangla charge fixed by BERC in the financial year 2024-2025 against expenditure on imported LNG. It was Tk 6.07 crore in the previous financial year. In the current fiscal year, expenditure under Petrobangla's charge category has increased due to the higher volume of gas purchases.

## Net profit

In the financial year 2024-2025, the pre-tax profit of the company has been Tk 253.45 crore. It was Tk 114.38 crore in the previous financial year, which means the profit has increased by Tk 139.07 crore in the current financial year, which is 121.58% more than the previous year.

Financial year wise profit statement is shown below:

## Financial year wise profit statement is shown below:

(in crore)

| Financial year | Gas Sales Volume (mmcm) | Gas Sales (TK) | Gas Purchase Volume (MMCM) | Purchase of Gas (TK) | Gross profit | Operational and other income | Administrative and other expenses | Profit before tax | Income tax | Profit after tax |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 2013-14 | 21.31 | 6.21 | 20.85 | 4.9 | 1.31 | 2.88 | 3.56 | 0.63 | 0.22 | 0.41 |
| 2014-15 | 90.91 | 26.29 | 90.91 | 21.19 | 5.10 | 5.15 | 4.72 | 5.53 | 1.94 | 3.59 |
| 2015-16 | 294.57 | 84.45 | 294.54 | 71.28 | 13.17 | 3.10 | 6.92 | 9.35 | 3.27 | 6.08 |
| 2016-17 | 347.48 | 104.27 | 347.48 | 90.22 | 14.05 | 5.81 | 13.88 | 5.98 | 2.09 | 3.89 |
| 2017-18 | 768.46 | 247.00 | 766.48 | 217.14 | 29.86 | 19.84 | 16.38 | 33.32 | 11.66 | 21.66 |
| 2018-19 | 979.87 | 317.95 | 971.65 | 268.86 | 49.09 | 34.19 | 21.91 | 61.37 | 21.48 | 39.89 |
| 2019-20 | 956.04 | 442.34 | 935.83 | 389.18 | 53.16 | 64.4 | 37.06 | 80.50 | 26.16 | 54.34 |
| 2020-21 | 952.51 | 443.47 | 941.84 | 396.93 | 46.54 | 78.48 | 39.97 | 85.05 | 25.51 | 59.54 |
| 2021-22 | 1033.87 | 494.63 | 1029.54 | 439.85 | 54.78 | 93.51 | 45.65 | 102.64 | 28.25 | 74.39 |
| 2022-23 | 915.72 | 836.89 | 907.84 | 786.33 | 50.56 | 92.20 | 47.12 | 95.64 | 26.30 | 69.34 |
| 2023-24 | 900.96 | 1378.88 | 889.02 | 1264.18 | 114.70 | 128.26 | 128.58 | 114.38 | 28.58 | 85.80 |
| 2024-25 | 1077.714 | 1733.11 | 1064.727 | 1614.00 | 119.11 | 201.82 | 67.45 | 253.45 | 63.37 | 190.08 |

## Account Receivable & Outstanding Gas Bill Statement

The amount of account receivable as on 30 June 2025 is Tk 171511.77 Lac. It is to be mentioned that the amount of gas sales for the month of June 2025 is Tk 16212.84 Lac which has been invoiced in the month of July 2025. As the said amount is included in the accounts receivable on 30th June 2025, it has been excluded from the

calculation of the outstanding gas bill. Outstanding gas bill amount on 30 June 2025 is Tk 155298.93 Lac which is equivalent to an average bill of 11.18 months. Category wise receivable is shown below:

| Sl.no | Customer Category | Account Receivable As on 30 June 2025 (Lac Tk) | Outstanding Gas Bill as on 30 June 2025 Excluding (Sales Amount of June 2025) (Lac Tk) | Average Monthly Sales (Lac Tk) | Equivalent Month |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (4/5) |
| 1 | **Power** | | | | |
| | Government | 102008.49 | 92168.49 | 7243.62 | 12.72 |
| | Non- Government | 67597.28 | 62201.90 | 5416.24 | 11.48 |
| 2 | **Captive Power** | | | | |
| | Government | 3.36 | 1.12 | 1.10 | 1.01 |
| | Non- Government | 347.61 | - | 366.74 | - |
| 3 | **Industry** | | | | |
| | Government | - | - | - | - |
| | Non- Government | 780.30 | 232.44 | 611.99 | 0.38 |
| 4 | **Commercial** | | | | |
| | Government | - | | - | - |
| | Non- Government | 2.24 | 1.75 | 0.505 | 3.47 |
| 5 | **Domestic** | | | | |
| | Government | 13.46 | 11.22 | 2.29 | 4.90 |
| | Non- Government | 93.90 | 24.80 | 69.19 | 0.36 |
| 6 | **Industry (Non Pipe Bhola)** | | | | |
| | Non- Government | 585.49 | 578.96 | 147.24 | 3.93 |
| 7 | **Captive (Non Pipe Bhola)** | | | | |
| | Non- Government | 79.64 | 78.25 | 26.20 | 2.99 |

Total Account Receivable & Outstanding Gas Bill as on 30th June 2025: (Lac Tk)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 8 | Total Government | 102025.31 | 92180.83 | 7247.01 | 12.72 |
| 9 | Total Non- Government | 69486.46 | 63118.10 | 6638.10 | 9.51 |
| 10 | **Total Government & Non- Government (7+9)** | **171511.77** | **155298.93** | **13885.11** | **11.18** |

It is to be noted that, as on 30 June 2025 the outstanding surcharge amount due to power customer is 4045.95 Lac tk.

## Online Activities

### Integrated software and online billing system

An online software was developed in 2017 through an agreement between SGCL and IICT, BUET to build module based software for marketing, engineering services and finance division of SGCL. It is now possible to store all the information of all the customers of SGCL in a digitalized manner in the server. As a result, all information related to customer such as monthly gas consumption entry, customer gas bill generation and also necessary information for preparation of gas purchase and MIS report are instantly available from the system

and customer ledger report, sales report, collection report, accounts receivables report, demand note report, collateral report, dues list, defaulter list etc. can be prepared easily. SGCL's integrated software system has made it possible to get information related to customer security deposits such as: BG/PSP/Cash entry, BG renewal, BG encashment, refund of customer's excess security deposit, BG cancellation, initiation of security deposit reconciliation with customer's bill, approval of security deposit reconciliation, approved reconciliation transfer to collateral customer ledger, display of customer collateral ledger, update status of customer collateral. Besides, it is possible to prepare account and sector based demand notes such as: gas bill account demand note, general account demand note, miscellaneous account demand note through the said software. Apart from this, bills are being prepared automatically by updating the information related to customer disconnection, reconnection, stove conversion, meter change etc. events at various times. After preparation of monthly bills of industrial customers of SGCL, bill copies are sent by e-mail and customers are informed of bill related information through SMS. After paying the bill, the bill payment confirmation SMS is being provided to the bill paying customers from the said software system. Customers can pay their gas bills online through all branches of 7 banks and mobile financial services such as bKash, SureCash etc which are contracted with SGCL.

## Increase of D-Nothi activities

Currently most of the official work of SGCL is being done through D-Nothi. D-Nothi training is being provided regularly to the officers working in the company to improve their skills in D-Nothi. D-Nothi activities are being strengthened by organizing various workshops related to conducting official activities including classification of documents in D-Nothi. SGCL has a D-Nothi usage rate of 100.00% in 2024-2025 fiscal year. Hence, the dynamism of official work has increased through D-Nothi.

## Invitation of Tender in e-GP

Currently all tenders are invited through e-GP system by SGCL as per government directives. The total number of tenders called till June 2025 of the previous financial year 2024-25 is 07. Among them, the number of tenders that can be invited through e-GP is 06 and all 06 tenders have been invited through e-GP.

## Website Update

The website (www.sgcl.gov.bd) has been linked to National Portal since 2020. The website is being regularly updated as per the guidelines of the Cabinet Division. As a result, SGCL's website is compatible with all government agencies and access to customer/public information is facilitated.

## Video conferencing system and online meeting

For inter-communication (single and multi) with Energy and Mineral Resources Division, Petrobangla and its affiliated companies, video conferencing system has been set up at SGCL head office and all official meetings can be held online in hybrid mode where applicable through online meeting platform Zoom.

## Development Activities

## Distinguished Shareholders,

Now I am presenting a summary of the company's development activities for the financial year 2024-2025.

## Implemented Works

## Gas Supply to Bhola BSCIC

To supply gas to the BSCIC industrial area located in the Bhola district under Sundarban Gas Company Limited (SGCL), a gas distribution network was constructed as a depository work funded by BSCIC. The network includes a 8" diameter x 60 Psig pressure x 275 meter line and a 4" diameter x 60 Psig pressure x 970 meter line. The gas commissioning was successfully completed on October 9, 2024. Following an application for an